

গণিত বিচিত্রা


১ম পত্র

- ম্যাট্রিক্স: কতগুলো সংখ্যাকে সারি এবং কলাম আকারে সাজানোর ফলে যে আয়তাকার বা বর্গাকার বিন্যাস বা সজ্জা পাওয়া যায়, তাকে ম্যাট্রিক্স বলে। ম্যাট্রিক্সকে 'তৃতীয় বন্ধনী' '['] বা 'প্রথম বন্ধনী' '(') দ্বারা প্রকাশ করা হয়। কখনও কখনও '| ' দ্বারা প্রকাশ করা হয়ে থাকে।

Note: ম্যাট্রিক্স মূলত কোন সংখ্যা নয় এবং এর কোন মান নেই। এটি কার্যকারক (operator) হিসাবে কাজ করে। যেমন- [4] একটি ম্যাট্রিক্স কিন্তু $4 \neq 4$

- আবিষ্কার: বৃটিশ গণিতবিদ স্কে প্রথম ম্যাট্রিক্স আবিষ্কার করেন।
□ ম্যাট্রিক্সের মাত্রা: যদি mn সংখ্যক রাশিকে এমনভাবে আয়তাকারে সাজানো হয় যেন তাতে m সংখ্যক সারি ও n সংখ্যক কলাম থাকে তবে তাকে $(m \times n)$ পর্যায়ের ম্যাট্রিক্স বলে এবং তার মাত্রা/আকার $(m \times n)$ হবে। আবার কোন ম্যাট্রিক্সের n সংখ্যক সারি ও m সংখ্যক কলাম থাকলে তার মাত্রা হবে $(n \times m)$ ।

মুখ্য কর্ণ ←



ম্যাট্রিক্সের সারি 3 এবং কলাম 3। অতএব, এর মাত্রা বা ক্রম বা আকার (3×3) হবে।

বিভিন্ন প্রকার ম্যাট্রিক্স

01. আয়তাকার ম্যাট্রিক্স (Rectangular matrix): কোন ম্যাট্রিক্সের সারি এবং কলাম সংখ্যা সমান না হলে, তাকে আয়তাকার ম্যাট্রিক্স বলে।
যেমন, $A = \begin{bmatrix} -2 & -3 & -4 \\ 2 & 3 & 4 \end{bmatrix}$ একটি (2×3) ক্রমের ম্যাট্রিক্স।
02. বর্গ ম্যাট্রিক্স (Square matrix): যে ম্যাট্রিক্সের সারি এবং কলাম সংখ্যা সমান, তাকে বর্গ ম্যাট্রিক্স বলে। যেমন,
 $D = \begin{bmatrix} 1 & 2 & 3 \\ -1 & 5 & 6 \\ 2 & 2 & 3 \end{bmatrix}$, একটি (3×3) ক্রমের ম্যাট্রিক্স।
03. সারি ম্যাট্রিক্স (Row matrix): যে ম্যাট্রিক্সের একমাত্র সারি আছে, তাকে সারি ম্যাট্রিক্স বলে। যেমন, $B = [2 \ 3 \ 4]$, যাহা (1×3) ক্রমের ম্যাট্রিক্স।
04. কলাম ম্যাট্রিক্স (Column matrix): যে ম্যাট্রিক্সের একটি মাত্র কলাম আছে, তাকে কলাম ম্যাট্রিক্স বলে।
যেমন, $C = \begin{bmatrix} 2 \\ 3 \\ 4 \end{bmatrix}$, যাহা (3×1) ক্রমের ম্যাট্রিক্স।
05. জটিল ম্যাট্রিক্স (Complex matrix): যে ম্যাট্রিক্সের উপাদানগুলোর মধ্যে জটিল সংখ্যা থাকে তাকে জটিল ম্যাট্রিক্স বলে।
যেমন, $A = \begin{bmatrix} 2 & 3+i \\ i & 6 \end{bmatrix}$ একটি জটিল ম্যাট্রিক্স।

06. কর্ণ ম্যাট্রিক্স (Diagonal Matrix): যে বর্গ ম্যাট্রিক্সের $a_{ij} = 0$ যখন $i \neq j$ অর্থাৎ কর্ণস্থিত উপাদান ব্যতীত অন্য সকল উপাদান/ভুক্তি শূন্য, তখন তাকে কর্ণ ম্যাট্রিক্স বলে। যেমন,

$$D = \begin{bmatrix} a_{11} & 0 & 0 \\ 0 & a_{22} & 0 \\ 0 & 0 & a_{33} \end{bmatrix} \text{ একটি কর্ণ ম্যাট্রিক্স।}$$

07. স্কেলার ম্যাট্রিক্স (Scalar Matrix): যে কর্ণ ম্যাট্রিক্সের অন্তর্গত উপাদানগুলি সমান, তাকে স্কেলার ম্যাট্রিক্স বলে।

$$\text{যেমন, } H = \begin{bmatrix} a & 0 & 0 \\ 0 & a & 0 \\ 0 & 0 & a \end{bmatrix} \text{ একটি স্কেলার ম্যাট্রিক্স।}$$

Note:

- a) $a = 0$ হলে, H একটি শূন্য ম্যাট্রিক্স।
b) $a = 1$ হলে, H একটি অভেদক ম্যাট্রিক্স।

$$c) H^n = \begin{bmatrix} a^n & 0 & 0 \\ 0 & a^n & 0 \\ 0 & 0 & a^n \end{bmatrix} = a^n \begin{bmatrix} 1 & 0 & 0 \\ 0 & 1 & 0 \\ 0 & 0 & 1 \end{bmatrix}$$

08. অভেদক ম্যাট্রিক্স (Identity Matrix): যে বর্গ ম্যাট্রিক্সের প্রধান কর্ণের সকল উপাদান 1 এবং অবশিষ্ট সকল উপাদান শূন্য, তাকে অভেদক ম্যাট্রিক্স বলে। একে ইউনিট ম্যাট্রিক্সও বলে।

$$\text{যেমন, } I = \begin{bmatrix} 1 & 0 & 0 \\ 0 & 1 & 0 \\ 0 & 0 & 1 \end{bmatrix} \text{ যাহা } 3 \times 3 \text{ মাত্রার অভেদক ম্যাট্রিক্স।}$$

Note:

- a) কর্ণ ম্যাট্রিক্সের মান/নির্ণায়ক = abc ; ম্যাট্রিক্সের মান বলতে ম্যাট্রিক্সের নির্ণায়কের মান বুঝায়। যা শুধু মাত্র বর্গ ম্যাট্রিক্সের ক্ষেত্রে সম্ভব।
b) স্কেলার ম্যাট্রিক্সের মান a^n ।
c) অভেদক ম্যাট্রিক্সের মান 1।
d) কর্ণ ম্যাট্রিক্সের $a = b = c$ হলে, উহা স্কেলার।

09. শূন্য ম্যাট্রিক্স (Null Matrix): যে ম্যাট্রিক্সের প্রত্যেকটি উপাদান বা ভুক্তি শূন্য, তাকে শূন্য ম্যাট্রিক্স বলে। যেমন,

$$E = \begin{bmatrix} 0 & 0 & 0 \\ 0 & 0 & 0 \end{bmatrix} \text{ যাহা } (2 \times 3) \text{ মাত্রার শূন্য ম্যাট্রিক্স।}$$

10. উপর ত্রিভুজাকৃতি ম্যাট্রিক্স (Upper Triangular Matrix): যে বর্গ ম্যাট্রিক্সের প্রধান কর্ণের নিম্নস্থ সবগুলো উপাদান শূন্য, তাকে উপর ত্রিভুজাকৃতি ম্যাট্রিক্স বলে। যেমন, $U = \begin{bmatrix} 1 & 5 & 3 \\ 0 & 7 & 6 \\ 0 & 0 & 1 \end{bmatrix}$

11. নিম্ন ত্রিভুজাকৃতি ম্যাট্রিক্স (Lower Triangular Matrix): যে বর্গ ম্যাট্রিক্সের প্রধান কর্ণের উপরস্থ সবগুলো উপাদান শূন্য, তাকে নিম্ন ত্রিভুজাকৃতি ম্যাট্রিক্স বলে। যেমন,
 $L = \begin{bmatrix} 1 & 0 & 0 \\ 2 & 4 & 0 \\ 3 & 7 & 5 \end{bmatrix}$

12. ব্যতিক্রমী ম্যাট্রিক্স (Singular Matrix): কোন ম্যাট্রিক্সের নির্ণায়কের মান শূন্য হলে, তাকে ব্যতিক্রমী ম্যাট্রিক্স বলে। যেমন,
 $K = \begin{bmatrix} 2 & 4 \\ 3 & 6 \end{bmatrix}$ একটি ব্যতিক্রমী ম্যাট্রিক্স।

13. অব্যতিক্রমী (Nonsingular) ম্যাট্রিক্স: কোন বর্গ ম্যাট্রিক্সের নির্ণায়কের মান অশূন্য হলে তাকে Nonsingular matrix বলে। যেমন-

$$\begin{bmatrix} 5 & 2 \\ -2 & 7 \end{bmatrix} \text{ একটি } 2 \times 2 \text{ Nonsingular matrix}$$

$$\begin{bmatrix} 2 & 3 & 1 \\ 3 & 4 & 1 \\ 3 & 7 & 2 \end{bmatrix} \text{ একটি } 3 \times 3 \text{ Nonsingular matrix}$$

14. **বিষ ম্যাট্রিক্স (Transpose Matrix):** কোন ম্যাট্রিক্সের সারিগুলোকে কলামে ও কলামগুলোকে সারিতে পরিণত করলে যে নতুন ম্যাট্রিক্স পাওয়া যায় তাকে বিষ ম্যাট্রিক্স বলে। যেমন-

$$A = \begin{bmatrix} a & b & c \\ e & f & g \\ h & i & j \end{bmatrix} \text{ হলে, বিষ ম্যাট্রিক্স } A' = \begin{bmatrix} a & e & h \\ b & f & i \\ c & g & j \end{bmatrix}$$

ম্যাট্রিক্স A এর বিষকে A^T বা A' বা A' প্রতীক দ্বারা লেখা হয় এবং $(A^T)^T = A$

15. **ম্যাট্রিক্সের ট্রেস:** কোন বর্গ ম্যাট্রিক্সের মুখ্য কর্ণের উপাদানের যোগফলকে

$$\text{ম্যাট্রিক্সের ট্রেস বলে। যেমন-} \begin{bmatrix} 1 & 5 & 3 \\ 0 & 7 & 6 \\ 0 & 0 & 1 \end{bmatrix} \text{ ম্যাট্রিক্সের ট্রেস হল } 9 \text{।}$$

16. **অ্যাডজয়েন্ট ম্যাট্রিক্স (Adjoint Matrix):** কোন বর্গ ম্যাট্রিক্স A দ্বারা গঠিত নির্ণয়ক $|A|$ এর সহগুণকসমূহ দ্বারা গঠিত ম্যাট্রিক্সের ট্রান্সপোজ ম্যাট্রিক্স প্রদত্ত ম্যাট্রিক্স A এর অ্যাডজয়েন্ট ম্যাট্রিক্স বলা হয় এবং এ ম্যাট্রিক্সকে $\text{Adj}(A)$ দ্বারা প্রকাশ করা হয়।

17. **প্রতিসম ম্যাট্রিক্স (Symmetric matrix):** কোন বর্গ ম্যাট্রিক্সকে বিষ ম্যাট্রিক্সে পরিণত করলে যদি ম্যাট্রিক্সটি অপরিবর্তিত থাকে, তাকে প্রতিসম ম্যাট্রিক্স বলে।

$$A = \begin{bmatrix} 2 & 3 \\ 3 & 2 \end{bmatrix} \text{ একটি প্রতিসম ম্যাট্রিক্স}$$

18. **বিপ্রতিসম ম্যাট্রিক্স (Skew symmetric matrix):** একটি বর্গ ম্যাট্রিক্স

$$A = (a_{ij})_{n \times n} \text{ কে বিপ্রতিসম ম্যাট্রিক্স বলে যদি } A' = -A \text{ হয়,}$$

অর্থাৎ $a_{ij} = -a_{ji}$ হয়।

$$\text{উদাহরণ: } A = \begin{bmatrix} 0 & 1 & -4 \\ -1 & 0 & 3 \\ 4 & -3 & 0 \end{bmatrix} \text{ হলে } A' = \begin{bmatrix} 0 & -1 & 4 \\ 1 & 0 & -3 \\ -4 & 3 & 0 \end{bmatrix} \\ = - \begin{bmatrix} 0 & 1 & -4 \\ -1 & 0 & 3 \\ 4 & -3 & 0 \end{bmatrix} = -A$$

অর্থাৎ $A' = -A$ সুতরাং A হলো একটি বিপ্রতিসম ম্যাট্রিক্স। উল্লেখ্য যে, প্রত্যেক বিপ্রতিসম ম্যাট্রিক্সের প্রধান কর্ণের ভুক্তিসমূহ শূন্য, অর্থাৎ $a_{ij} = 0$ যখন $i = j$ ।

19. **উপ-ম্যাট্রিক্স (Sub-Matrix):** কোনো একটি ম্যাট্রিক্সের যেকোনো সংখ্যক কলাম ও সারির ভুক্তি বাদ দিয়ে গঠিত অপর একটি ম্যাট্রিক্সকে মূল ম্যাট্রিক্সের উপ-ম্যাট্রিক্স বলে।

$$\text{যেমন, } A = \begin{bmatrix} 1 & 2 & 3 \\ 4 & 5 & 6 \\ 7 & 8 & 9 \end{bmatrix} \text{ ম্যাট্রিক্সের উপ-ম্যাট্রিক্স } \begin{bmatrix} 1 & 2 \\ 4 & 5 \end{bmatrix}, \begin{bmatrix} 2 & 3 \\ 5 & 6 \end{bmatrix},$$

$$\begin{bmatrix} 4 & 5 \\ 7 & 8 \end{bmatrix} \text{ ইত্যাদি।}$$

20. **সমঘাতী ম্যাট্রিক্স (Idempotent Matrix):** কোন ম্যাট্রিক্স এর বর্গ করলে আবার আদি ম্যাট্রিক্স পাওয়া গেলে তাকে সমঘাতী ম্যাট্রিক্স বলে।

21. **উদঘাতীক ম্যাট্রিক্স (Involutory Matrix):** যদি কোন ম্যাট্রিক্সকে বর্গ করলে Identity Matrix-এ পরিণত হয়, তবে তাকে উদঘাতীক ম্যাট্রিক্স বলে।

$$A = \begin{bmatrix} -5 & -8 & 0 \\ 3 & 5 & 0 \\ 1 & 2 & -1 \end{bmatrix} \text{ একটি উদঘাতীক ম্যাট্রিক্স}$$

22. **অক্ষম ম্যাট্রিক্স (Nilpotent Matrix):** কোন ম্যাট্রিক্সে এর যে কোন ঘাত যদি শূন্য ম্যাট্রিক্স এ পরিণত হয়, তবে তাকে অক্ষম ম্যাট্রিক্স বা শূন্যঘাতী ম্যাট্রিক্স বলে।

$$A = \begin{bmatrix} 1 & -1 \\ 1 & -1 \end{bmatrix} \text{ একটি } 2 \text{ সূচকের অক্ষম ম্যাট্রিক্স}$$

23. **ইনভার্স ম্যাট্রিক্স (Inverse matrix):** কোন বর্গ ম্যাট্রিক্সকে ট্রান্সপোজ করে যে ম্যাট্রিক্স পাওয়া যায় তার প্রতিটি উপাদানকে সহগুণক দ্বারা প্রতিস্থাপিত করে তাকে নির্ণায়ক মান দ্বারা ভাগ করলে ইনভার্স ম্যাট্রিক্স পাওয়া যায়। তবে নির্ণায়কের মান অবশ্যই অশূন্য হতে হবে। যেমন,

$$A = \begin{bmatrix} a_1 & b_1 & c_1 \\ a_2 & b_2 & c_2 \\ a_3 & b_3 & c_3 \end{bmatrix} \text{ হলে, } A^{-1} = \begin{bmatrix} a_1 & a_2 & a_3 \\ b_1 & b_2 & b_3 \\ c_1 & c_2 & c_3 \end{bmatrix}$$

$$\text{এখন } \text{Adj}(A) = \begin{bmatrix} A_1 & A_2 & A_3 \\ B_1 & B_2 & B_3 \\ C_1 & C_2 & C_3 \end{bmatrix}$$

এখানে, $A_1, A_2, \dots, C_2, C_3$; যথাক্রমে $a_1, a_2, \dots, c_2, c_3$ এর সহগুণক

$$A^{-1} = \frac{\text{Adj}(A)}{|A|} = \frac{1}{|A|} \begin{bmatrix} A_1 & A_2 & A_3 \\ B_1 & B_2 & B_3 \\ C_1 & C_2 & C_3 \end{bmatrix}$$

Note: 2×2 order এর Adjoint নিম্নরূপে নির্ণয় করতে হবে,

$$A = \begin{bmatrix} a & b \\ c & d \end{bmatrix} \text{ হলে } \text{Adj}(A) = \begin{bmatrix} d & -b \\ -c & a \end{bmatrix}$$

$$\text{Technique: (i) } A = \begin{bmatrix} a & b \\ c & d \end{bmatrix} \text{ হলে, } A^{-1} = \frac{1}{ad-bc} \begin{bmatrix} d & -b \\ -c & a \end{bmatrix}$$

$$(ii) A = \begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix} \text{ হলে, } A^4 = A \text{ (iii) } A = \begin{bmatrix} 2 & 0 & 0 \\ 0 & 2 & 0 \\ 0 & 0 & 2 \end{bmatrix} \text{ হলে, } A^5 = 16A$$

24. **অনুবন্ধী ম্যাট্রিক্স:** কোন জটিল ম্যাট্রিক্সের জটিল রাশিগুলোর অনুবন্ধী দিয়ে এবং অন্যান্য উপাদান স্ব স্ব স্থানে অপরিবর্তিত রেখে যে ম্যাট্রিক্স পাওয়া যায় তাকে অনুবন্ধী ম্যাট্রিক্স বলে। যেমন:

$$A = \begin{bmatrix} 2 & 5+i \\ 2+i & -i \end{bmatrix} \text{ এর অনুবন্ধী ম্যাট্রিক্স } = \begin{bmatrix} 2 & 5-i \\ 2-i & i \end{bmatrix}$$

25. **হারমিশিয়ান ম্যাট্রিক্স (Hermitian Matrix):** কোন জটিল বর্গ ম্যাট্রিক্স এর অনুবন্ধীর ট্রান্সপোজ করলে আদি ম্যাট্রিক্স ফিরে আসলে তাকে হারমিশিয়ান ম্যাট্রিক্স বলে।

$$\text{উদা: } A = \begin{bmatrix} 1 & 2+i & 1+3i \\ 2-i & 2 & -i \\ i-3i & i & 0 \end{bmatrix} \text{ কে প্রতিটি উপাদানকে অনুবন্ধী দ্বারা}$$

প্রতিস্থাপন করে পাই,

$$\begin{bmatrix} 1 & 2-i & 1-3i \\ 2+i & 2 & -i \\ 1+3i & i & 0 \end{bmatrix} \text{ একে ট্রান্সপোজ করলে পাই}$$

$$\begin{bmatrix} 1 & 2+i & 1+3i \\ 2-i & 2 & -i \\ 1-3i & i & 0 \end{bmatrix} = A$$

২০. লব্ধ ম্যাট্রিক্স (Orthogonal Matrix): কোন বর্গ ম্যাট্রিক্স A কে লব্ধ ম্যাট্রিক্স বলা হবে যদি $A \cdot A^T = I$ হয়। যেমন- $A = \begin{pmatrix} 1 & 2 & -2 \\ 2 & 1 & 2 \\ -2 & 2 & 1 \end{pmatrix}$ একটি লব্ধ ম্যাট্রিক্স।

ম্যাট্রিক্সের সমতা (Equality of Matrix): যদি এবং কেবল যদি দুটি ম্যাট্রিক্সের মাত্রা (order) সমান হয় এবং একটির উপাদান অপরেরটির অনুরূপ উপাদানের সমান হয়, তবে ম্যাট্রিক্স দুটি সমান হবে।
 যেমন, দুইটি সমান মাত্রার ম্যাট্রিক্স:

$$\begin{vmatrix} a & b \\ c & d \end{vmatrix} = \begin{vmatrix} \alpha & \beta \\ \gamma & \delta \end{vmatrix}$$

যখন, $a = \alpha, b = \beta, c = \gamma, d = \delta$, $e = \phi$ এবং $f = \psi$.

কিন্তু $\begin{vmatrix} 2 & 4 \\ 6 & 9 \\ 0 & 6 \end{vmatrix} \neq \begin{vmatrix} 2 & 4 & 0 \\ 6 & 9 & 8 \\ 0 & 6 & 5 \end{vmatrix}$ কারণ এদের মাত্রা সমান নয়।

Note: যদি $4x - 6y = 5$ এবং $7x + 9y = 13$ হয়, তবে ম্যাট্রিক্স আকারে

লেখা যায়, $\begin{bmatrix} 4x - 6y \\ 7x + 9y \end{bmatrix} = \begin{bmatrix} 5 \\ 13 \end{bmatrix}$

ম্যাট্রিক্সের যোগ ও বিয়োগ:
 দুইটি সমপর্যায়ের (যাদের সারি ও কলাম সংখ্যা সমান) ম্যাট্রিক্সের সংশ্লিষ্ট উপাদানের যোগ বা বিয়োগ করার মাধ্যমে ম্যাট্রিক্সের যোগ বা বিয়োগ করা হয়।

ম্যাট্রিক্স যোগ বিয়োগের নিয়ম:
 ১ম টির কলাম সংখ্যা = ২য় টির কলাম সংখ্যা
 ১ম টির সারির সংখ্যা = ২য় টির সারির সংখ্যা

উদাহরণ:

$$A = \begin{bmatrix} a & b & c \\ e & f & g \end{bmatrix}, B = \begin{bmatrix} m & n & o \\ p & q & r \end{bmatrix} \text{ হলে}$$

$$A \pm B = \begin{bmatrix} a \pm m & b \pm n & c \pm o \\ e \pm p & f \pm q & g \pm r \end{bmatrix} \text{ হবে।}$$

Note: দুটি ম্যাট্রিক্সের order ভিন্ন হলে, তাদের যোগ বা বিয়োগ করা যাবে না।

ম্যাট্রিক্সের গুণন (Multiplication of Matrix): দু'টি ম্যাট্রিক্সের মধ্যে গুণ করতে হলে, অবশ্যই প্রথম ম্যাট্রিক্সের কলাম সংখ্যা দ্বিতীয় ম্যাট্রিক্সের সারি সংখ্যার সমান হতে হবে। অর্থাৎ একটির মাত্রা $m \times n$ হলে, অপরেরটির মাত্রা $n \times q$ হতে হবে এবং গুণফলের মাত্রা হবে $m \times q$ ।

গুণনের শর্ত: ১ম টির কলাম সংখ্যা = ২য় টির সারির সংখ্যা
 ১ম টির সারির সংখ্যা = ২য় টির কলাম সংখ্যা

গুণনের নিয়ম: দুটি ম্যাট্রিক্সের মধ্যে গুণ করতে হলে, প্রথম ম্যাট্রিক্সের সারি বরাবর অবস্থানের উপাদানগুলো দ্বিতীয় ম্যাট্রিক্সের কলাম বরাবর অবস্থানের উপাদানগুলো গুণ করে মাঝখানে যোগ চিহ্ন বসাতে হবে।

যেমন- $A = \begin{bmatrix} 1 & 2 \\ 3 & 4 \end{bmatrix}, B = \begin{bmatrix} 3 & 4 & 5 \\ 6 & 7 & 8 \end{bmatrix}$

$$A \times B = \begin{bmatrix} 1 \times 3 + 2 \times 6 & 1 \times 4 + 2 \times 7 & 1 \times 5 + 2 \times 8 \\ 3 \times 3 + 4 \times 6 & 3 \times 4 + 4 \times 7 & 3 \times 5 + 4 \times 8 \end{bmatrix} = \begin{bmatrix} 15 & 18 & 21 \\ 33 & 40 & 47 \end{bmatrix}$$

Note: দুটি ম্যাট্রিক্সের গুণফলের ম্যাট্রিক্সটির order হয় প্রথম ম্যাট্রিক্সের সারি ও দ্বিতীয় ম্যাট্রিক্সের কলাম সংখ্যার গুণফলের সমান।

ম্যাট্রিক্স এর স্কেলার গুণিতক: যদি A একটি ম্যাট্রিক্স এবং k কোনো প্রবলক হয় তবে k ও A এর গুণন kA একটি ম্যাট্রিক্স হবে যার প্রত্যেক ভুক্তি হবে A এর অনুরূপ ভুক্তির সাথে k এর গুণফল।

উদাহরণ: $A = \begin{bmatrix} 2 & 3 & 4 \\ 1 & 2 & 10 \end{bmatrix}$ হলে, $kA = \begin{bmatrix} 2k & 3k & 4k \\ k & 2k & 10k \end{bmatrix}$

A, B ও যদি C যোজনযোগ্য হয় তবে,
 (i) $A + B = B + A$
 (ii) $A + (B + C) = (A + B) + C$
 (iii) $K(A + B) = KA + KB = (A + B)K$ যেখানে K স্কেলার।

A, B ও C গুণযোগ্য ও যোজনযোগ্য হলে,
 i. $A(B + C) = AB + AC$
 ii. $(A + B)C = AC + BC$
 iii. $A(BC) = (AB)C$ কিন্তু
 (a) $AB \neq BA$
 (b) $AB = 0$ হলে, $A = 0$ অথবা $B = 0$ নাও হতে পারে কিন্তু $A = 0$ অথবা $B = 0$ হলে, $AB = 0$ হবে।
 (c) $AB = AC$ হলে, $B = C$ নাও হতে পারে। কিন্তু $B = C$ হলে, $AB = AC$ হবে।

একজোটে সমীকরণকে দুটি ম্যাট্রিক্সের গুণফল আকারে প্রকাশ করা যায়। যেমন,
 $a_1x_1 + b_1x_2 + c_1x_3 = d_1; a_2x_1 + b_2x_2 + c_2x_3 = d_2;$
 $a_3x_1 + b_3x_2 + c_3x_3 = d_3$

একে লেখা যায়, $\begin{bmatrix} a_1 & b_1 & c_1 \\ a_2 & b_2 & c_2 \\ a_3 & b_3 & c_3 \end{bmatrix} \times \begin{bmatrix} x_1 \\ x_2 \\ x_3 \end{bmatrix} = \begin{bmatrix} d_1 \\ d_2 \\ d_3 \end{bmatrix}$ কারণ এদের গুণ করলে সমীকরণটির সমাধান পাওয়া যায়।

একে লেখা হয়, $AX = B$, এখানে,
 $A = \begin{bmatrix} a_1 & b_1 & c_1 \\ a_2 & b_2 & c_2 \\ a_3 & b_3 & c_3 \end{bmatrix}; X = \begin{bmatrix} x_1 \\ x_2 \\ x_3 \end{bmatrix}; B = \begin{bmatrix} d_1 \\ d_2 \\ d_3 \end{bmatrix}$

এই ম্যাট্রিক্স সমীকরণ সমাধান করার জন্য আমাদের এমন একটি ম্যাট্রিক্স A^{-1} দরকার যেন $A \cdot A^{-1} = I$ হয় কারণ তখন $A^{-1}AX = A^{-1}B$
 $\Rightarrow (A \cdot A^{-1})X = A^{-1}B$
 $\Rightarrow X = A^{-1}B$
 A বর্গ ম্যাট্রিক্স হলে, A এর নির্ণায়কের মান শূন্য না হলে, A^{-1} এমন একটি ম্যাট্রিক্স আছে যাতে $A \cdot A^{-1} = A^{-1} \cdot A = I$ হয়।

ম্যাট্রিক্সের নির্ণায়ক: ম্যাট্রিক্সের নির্ণায়ক হলো বর্গ ম্যাট্রিক্সকে নির্ণায়ক আকারে লিখে উপযুক্ত চিহ্নসহ অনুরাশি দিয়ে গুণ করে যে মান পাওয়া যায়।

যেমন, $A = \begin{vmatrix} a & c \\ b & d \end{vmatrix}$ হলে, A এর নির্ণায়ক $|A| = ad - bc$

$$A = \begin{vmatrix} a_1 & b_1 & c_1 \\ a_2 & b_2 & c_2 \\ a_3 & b_3 & c_3 \end{vmatrix}$$

a_1 এর সহগুণক $A_1 = b_2c_3 - c_2b_3;$
 b_1 এর সহগুণক $B_1 = c_2a_3 - c_3a_2;$
 c_1 এর সহগুণক $C_1 = a_2b_3 - a_3b_2;$
 $|A| = a_1A_1 + b_1B_1 + c_1C_1$

Calculator Type ম্যাট্রিক্স (Matrix)

প্রাথমিক আলোচনা:

Mode কে সব সময়- matrix / mat form এ রাখতে হবে।

SHIFT [mat] 4 চেপে ম্যাট্রিক্স এর কাজ শুরু করতে হবে।

$$A = \begin{bmatrix} 3 & 4 \\ 5 & 6 \end{bmatrix}$$

একটি ম্যাট্রিক্স যার dimension বা মাত্রা (m × n)

= 2 × 2 (কলাম ২টি এবং সারি ২টি)।

দুইটি ম্যাট্রিক্স এর মাত্রা সমান হলে, তাদের যোগ এবং বিয়োগ সম্ভব।

১ম ম্যাট্রিক্স এর কলাম (n) যদি ২য় ম্যাট্রিক্স এর সারির সমান হয় তবে তাদের গুণ সম্ভব। মনে করি,

$$A = \begin{bmatrix} 3 & 4 \\ 5 & 6 \end{bmatrix}, B = \begin{bmatrix} 4 & 5 & 6 \\ 7 & 8 & 9 \end{bmatrix} \text{ এবং } C = \begin{bmatrix} 3 & 8 \\ 9 & 11 \end{bmatrix}$$

উপরের আলোচনার কারণে A ± C সম্ভব কিন্তু A ± B অসম্ভব কারণ এদের মাত্রা সমান নয়।

আবার, AB এবং AC সম্ভব

১ম টির কলাম = 2
২য় টির সারি = 2

কিন্তু BC অসম্ভব

১ম টির কলাম = 3
২য় টির সারি = 2

Calculator এ ম্যাট্রিক্স যেভাবে প্রবেশ করানো হয়:

Matrix নিয়ে কাজ করতে হলে, প্রথমে Matrix Calculator এ প্রবেশ করাতে হয়। ধরা যাক,

$$A = \begin{bmatrix} 1 & 2 & 3 \\ 4 & 5 & 6 \end{bmatrix}$$

ম্যাট্রিক্সকে Calculator প্রবেশ করাতে হবে।

ম্যাট্রিক্স এর মাত্রা (m × n) = (2 × 3) এটি নিম্নরূপে ক্যালকুলেটরে Input নেয়া হয়।


MS Series:



চেপে Matrix mode এ নিতে হয়।

বিঃদ্র: একবার Matrix mode এ নিলে Matrix Operation করার সময় আবার Matrix mode এ নিতে হয় না।

এরপর ম্যাট্রিক্স কে প্রবেশ করাতে হবে নিম্নরূপে:



Screen এ আসবে

Mat A (m × n) m ?

Mat A (m × n) n ?

Screen এ আসবে

Mat A₁₁

Mat A₁₂

Mat A₁₃

Mat A₂₁

Mat A₂₂

Mat A₂₃

Input দিতে হবে

[2] [=] [সারি = 2]

[3] [=] [সারি = 3]

Input দিতে হবে

[1] [=]

[2] [=]

[3] [=]

[4] [=]


[5] [=]

[6] [=]


ES Series:



Screen



Screen



Screen

যেহেতু A ম্যাট্রিক্সটি 2 × 3 আকারের তাই [4] চাপতে হবে।

A

 ম্যাট্রিক্সটির ফাঁকা স্থানগুলো নিম্নরূপে

পূরণ করতে হবে।

নিম্নরূপে পূরণ করতে হবে-

$$1 = 2 = 3 =$$

$$4 = 5 = 6 =$$

ম্যাট্রিক্স Operation:

Example-01: যদি $A = \begin{bmatrix} 2 & 0 \\ 0 & -3 \end{bmatrix}$, $B = \begin{bmatrix} 3 & 0 \\ 5 & 1 \end{bmatrix}$ হয় তবে (A+B),

A-B, AB, BA, A⁻¹, Det(A), B^T নির্ণয় কর।

প্রথমে আগের নিয়ম অনুযায়ী A ও B ম্যাট্রিক্স ক্যালকুলেটরে প্রবেশ করাতে হবে।

তারপর যথাক্রমে MatA + MatB, MatA - MatB, Mat A × Mat B, Mat B × Mat A, Mat A⁻¹, Det Mat A বের করতে হবে।

A ম্যাট্রিক্স Calculator এ প্রবেশ করানো:

Screen এ আসবে

Mat A (m × n) m ?

Mat A (m × n) n ?

Mat A₁₁ ?

Mat A₁₂ ?

Mat A₂₁ ?

Mat A₂₂ ?

Input দিতে হবে

[2] [=]

[2] [=]

[2] [=]


[0] [=]

[0] [=]

[-3] [=]

B ম্যাট্রিক্স Calculator এ প্রবেশ করানো:

B এর জন্য



Screen

Screen এ আসবে

Mat B (m × n) m ?

Mat B (m × n) n ?

Mat B₁₁

Mat B₁₂

Mat B₂₁

Mat B₂₂

Input দিতে হবে

[2] [=]

[2] [=]

[3] [=]

[0] [=]

[5] [=]

[1] [=]

Mat A + Mat B

SHIFT 4 [Dim Edit Mat] [1 2 3] [3] [A B C] [1 2 3] [1] [+]

Screen

SHIFT 4 [Dim Edit Mat] [1 2 3] [3] [A B C] [1 2 3] [2] [=]

Screen

সকল ফলাফল দেখতে:

Mat Ans₁₁ 5 [← →] Mat Ans₁₂ 0

Screen ডানদিকে Screen

Press

[← →] Mat Ans₁₁ 5 [← →] Mat Ans₂₂ -2

ডানদিকে ডানদিকে

Mat A - Mat B

Similarly:
Mat A × Mat B

SHIFT 4 [Dim Edit Mat] [1 2 3] [3] [A B C] [1 2 3] [1] [×]

SHIFT 4 [Dim Edit Mat] [1 2 3] [3] [A B C] [1 2 3] [2] [=]

সকল ফলাফল দেখতে:

Mat Ans₁₁ 6 [← →] Mat Ans₁₂ 0 [← →]

ডানদিকে ডানদিকে

Mat Ans₂₁ -15 [← →] Mat Ans₂₂ -3

ডানদিকে

Mat B × Mat A Similarly

Mat A⁻¹

SHIFT 4 [Dim Edit Mat] [1 2 3] [3] [A B C] [1 2 3] [1]

Screen

[x⁻¹] [=]

ফলাফল: Mat Ans₁₁ 0.5 ▶ Mat Ans₁₂ 0
 ▶ Mat Ans₂₁ 0 ▶ Mat Ans₂₂ -0.333

Determinat of A

SHIFT 4 [Dim Edit Mat] [1 2 3] [3] [A B C] [1 2 3] [1] [→]

ডানদিকে

[1] SHIFT 4 [Dim Edit Mat] [1 2 3] [3] [A B C] [1 2 3]

[1] [=]

Ans: -6

Transpose of B B^T

SHIFT 4 [Dim Edit Mat] [1 2 3] [3] [A B C] [1 2 3] [1] [→]

ডানদিকে

[← →] [Det Tm] [1 2]

[2] SHIFT 4 [Dim Edit Mat] [1 2 3] [3] [A B C] [1 2 3]

[2] [=]

ফলাফল: Mat Ans₁₁ 3 ▶ Mat Ans₁₂ 5
 ▶ Mat Ans₁₂ 0 ▶ Mat Ans₂₂ 1

ES Series:

Mode [1: COMP 2: COMPLEX] [6] [AC] চাপলে
 [3: STAT 4: BASE-N]
 [5: EQN 6: MATRIX]
 [7: TABLE 8: VECTOR]

ক্যালকুলেটর Matrix mode এ আসবে।

এখন A matrix Calculator এ প্রবেশ করতে হবে।

SHIFT 4 [1: Dim 2: Data] [1]
 [3: MatA 4: MATB]
 [5: MatC 6: MAT Am]
 [7: Det 8: Tm]

Matrix ? [1] Mat A (m×n) m×n
 1: Mat A 2: Mat B 1: 3×3 2: 3×2
 3: Mat C 3: 3×1 4: 2×3
 5: 2×2 6: 2×1

যেহেতু A Matrix টি 2 × 2 আকারের তাই 5 Press করতে হবে।

A [0 0] ম্যাট্রিক্সটির ফাঁকা স্থান গুলো পূরণ করতে হবে এভাবে,

[2] [=] [0] [=] [0] [=] [3] [=]

B matrix কে যেভাবে input নিতে হবে

SHIFT 4 [1: Dim 2: Data] [1] Matrix ?
 [3: MatA 4: MATB] [1: Mat A 2: Mat B]
 [5: 6:] [3: Mat C]
 [7: 8:]

Screen

[2] Mat B (m×n) m×n [5]
 1: 3×3 2: 3×2
 3: 3×1 4: 2×3
 5: 2×2 6: 2×1

Screen

এরপর Input নিতে হবে এভাবে

[3] [=] [0] [=] [5] [=] [1] [=] [AC]

এখন, Mat A + Mat B

SHIFT 4 [3: Mat A 4: Mat B] [3] [→]
 [5: Mat C 6: Mat Am]

Screen

SHIFT 4 [3: Mat A 4: Mat B] [4] [=]
 [5: Mat C 6: Mat Ans]

ফলাফল: [5 0]
 [5 -2]

Mat A – Mat B ; Similar

Mat A × Mat B

SHIFT [4] 3: Mat A 4: Mat B 3 [x] [↓]
5: Mat C 6: Mat Ans

Screen

Ans. $\begin{bmatrix} 6 & 0 \\ -15 & -3 \end{bmatrix}$

Mat B × Mat A : SimilarMat A⁻¹ নির্ণয়

SHIFT [4] 3: Mat A 4: Mat B 3 [x⁻¹] [=]
5: Mat C 6: Mat Ans

Screen

Ans. $\begin{bmatrix} 0.5 & 0 \\ 0 & -0.3333 \end{bmatrix}$

Determinant of A : (Det A) নির্ণয়:

SHIFT [4] 3: Mat A 7 [SHIFT] [4]
5: Mat C
7: Det

Screen

3: Mat A 4: Mat B 3 [=]
5: 6:

Screen

Ans: -6

Transpose of B : B^T :

SHIFT [4] 4: Mat B 7 [SHIFT] [4]
5: Mat Ans
7: Tm

Screen

3: Mat A 4: Mat B 4 [=]
5: Mat C 6: Mat Ans

Screen

Ans: $\begin{bmatrix} 3 & 5 \\ 0 & 1 \end{bmatrix}$

Example-02: $\begin{bmatrix} x & y \\ x & y \end{bmatrix} \begin{bmatrix} a & h \\ x & b \end{bmatrix} \begin{bmatrix} x \\ y \end{bmatrix}$ এর গুণফল কত?

a. $[x^2a + xyh \quad xyh + y^2b]$ b. $[x^2a + 2xyh + y^2b]$

এই Type এর Math Solve করার জন্য x, y, a, h, b এর মান ধরে নিয়ে Calculator এ গুণ করতে হবে। তারপর প্রশ্নের Option গুলোকে x, y, a, h, b এর মান বসিয়ে যেই Option এর মান গুণ করলে মানের সমান হয় সেটাই হবে Correct Answer।

যেমন: x = 1

y = 2

a = 3

h = 4

b = 5 হলে, ম্যাট্রিক্সের গুণফল হল:

$\begin{bmatrix} 1 & 2 \end{bmatrix} \begin{bmatrix} 3 & 4 \\ 1 & 5 \end{bmatrix} \begin{bmatrix} 1 \\ 2 \end{bmatrix} = 39$

Option B হল $x^2a + 2xyh + y^2b$

$= (1) \times 2 + 2 \times 1 \times 2 \times 4 + 2^2 \times 5 = 39$

তাই Answer হবে B.

এ অধ্যায়ের গাণিতিক সমস্যাসমূহকে নিম্নোক্ত
Type এ অন্তর্ভুক্ত করা যায়

Type-01: ম্যাট্রিক্সের ধারণা সংক্রান্ত

- মাত্রা/ক্রম/পর্যায়/ order: ম্যাট্রিক্সের মাত্রা = সারি × কলাম।
- দুটি ম্যাট্রিক্সের গুণনের ফলের প্রাপ্ত গুণন ম্যাট্রিক্সের মাত্রা = ১ম ম্যাট্রিক্সের সারি × ২য় ম্যাট্রিক্সের কলাম।

Prob 01 যদি $A = \begin{bmatrix} 2 & 3 & 0 \\ 4 & 5 & -1 \end{bmatrix}$ হলে, ম্যাট্রিক্সটির মাত্রা = ?

Sol: প্রদত্ত ম্যাট্রিক্সের আনুক্রমিক রেখা বা সারি = 2 এবং উল্লম্বরেখা বা কলাম = 3
∴ ম্যাট্রিক্সটির মাত্রা = সারি × কলাম = 2 × 3

Prob 02 $A = \begin{bmatrix} 2 & 4 & 3 \\ 4 & 5 & 6 \end{bmatrix}$ এবং $B = \begin{bmatrix} 4 & 3 \\ 1 & 2 \\ 0 & -5 \end{bmatrix}$ হলে, AB ম্যাট্রিক্সের

মাত্রা কত?

Sol: AB ম্যাট্রিক্সের মাত্রা = ১ম ম্যাট্রিক্সের সারি × ২য় ম্যাট্রিক্সের কলাম = 2 × 2 Ans.

Prob 03 $A = \begin{bmatrix} 3 & 5 \\ 5 & 3 \end{bmatrix}$ কোন ধরনের ম্যাট্রিক্স?

Sol: $A = \begin{bmatrix} 3 & 5 \\ 5 & 3 \end{bmatrix}$ একটি প্রতিসম ম্যাট্রিক্স, কেননা $A = A^T$.

Prob 04 $A = \begin{bmatrix} a_{11} & 0 & 0 \\ 0 & a_{22} & 0 \\ 0 & 0 & a_{33} \end{bmatrix}$ এটি কোন ধরনের ম্যাট্রিক্স?

Sol: ডায়্যাগোনাল ম্যাট্রিক্স।

Prob 05 $A = \begin{bmatrix} 5 & 2 & 1 \\ 0 & 4 & -3 \\ 0 & 0 & 8 \end{bmatrix}$ এটি কোন ধরনের ম্যাট্রিক্স?

Sol: উর্ধ্ব ত্রিভুজাকার ম্যাট্রিক্স।

Prob 06 $\begin{bmatrix} 3 & -2 & 8 & n \\ 1 & 6 & 7 & 2 \\ 9 & m & 9 & 2 \end{bmatrix}$ ম্যাট্রিক্সটির মাত্রা, উপাদান সংখ্যা, রো এর

উপাদান সংখ্যা, কলামের উপাদান সংখ্যা কত?

Sol: মাত্রা = সারি × কলাম = 3 × 4; উপাদান সংখ্যা = 3 × 4 = 12

রো এর উপাদান সংখ্যা = কলামের সংখ্যা = 4

কলামের উপাদান সংখ্যা = রো এর সংখ্যা = 3

For Practice:

01. A ও B ম্যাট্রিক্সদ্বয়ের মাত্রা যথাক্রমে m × p এবং p × n হলে, AB ম্যাট্রিক্সের মাত্রা হবে- **Ans. m × n**

Type-02: ম্যাট্রিক্সের যোগ বিয়োগ ও গুণ সংক্রান্ত

Prob 01 $A = \begin{bmatrix} 2 & -1 \\ 4 & -3 \end{bmatrix}$ হলে, A + I = ?

Sol: $A + I = \begin{bmatrix} 2 & -1 \\ 4 & -3 \end{bmatrix} + \begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix} = \begin{bmatrix} 2+1 & -1+0 \\ 4+0 & -3+1 \end{bmatrix} = \begin{bmatrix} 3 & -1 \\ 4 & -2 \end{bmatrix}$ **Ans.**

Prob 02 $A = \begin{bmatrix} 1 & -2 & 2 \\ 4 & 5 & 6 \end{bmatrix}$ এবং $B = \begin{bmatrix} 3 & 0 & 2 \\ -7 & 1 & 8 \end{bmatrix}$ হলে, $A+B$ ও $A-B$ নির্ণয় কর।

Sol: $A+B = \begin{bmatrix} 1 & -2 & 2 \\ 4 & 5 & 6 \end{bmatrix} + \begin{bmatrix} 3 & 0 & 2 \\ -7 & 1 & 8 \end{bmatrix}$
 $= \begin{bmatrix} 1+3 & -2+0 & 2+2 \\ 4-7 & 5+1 & 6+8 \end{bmatrix} = \begin{bmatrix} 4 & -2 & 4 \\ -3 & 6 & 14 \end{bmatrix}$ Ans.

আবার, $A-B = \begin{bmatrix} 1 & -2 & 2 \\ 4 & 5 & 6 \end{bmatrix} - \begin{bmatrix} 3 & 0 & 2 \\ -7 & 1 & 8 \end{bmatrix}$
 $= \begin{bmatrix} 1-3 & -2-0 & 2-2 \\ 4-(-7) & 5-1 & 6-8 \end{bmatrix} = \begin{bmatrix} -2 & -2 & 0 \\ 11 & 4 & -2 \end{bmatrix}$ Ans.

Prob 03 $A = \begin{bmatrix} 1 & 2 & 3 \\ 4 & 5 & 6 \end{bmatrix}$ এবং $B = \begin{bmatrix} 0 & 2 \\ 1 & 2 \\ 0 & -1 \end{bmatrix}$ হলে, $AB = ?$

Sol: $AB = \begin{bmatrix} 1 \times 0 + 2 \times 1 + 3 \times 0 & 1 \times 2 + 2 \times 2 + 3 \times (-1) \\ 4 \times 0 + 5 \times 1 + 6 \times 0 & 4 \times 2 + 5 \times 2 + 6 \times (-1) \end{bmatrix}$
 $= \begin{bmatrix} 2 & 3 \\ 5 & 12 \end{bmatrix}$ Ans.

Prob 04 $B = \begin{bmatrix} 2 & 3 & 2 \\ 0 & 9 & 2 \end{bmatrix}$ হলে, $pB = ?$

Sol: $pB = \begin{bmatrix} 2p & 3p & 2p \\ 0 & 9p & 2p \end{bmatrix}$ Ans.

For Practice:

01. যদি $X = [a, b]$ এবং $Y = \begin{bmatrix} a \\ b \end{bmatrix}$ হয়, তাহলে XY হবে- Ans. $[a^2 + b^2]$

Type-03: ইনভার্স বা বিপরীত ম্যাট্রিক্স সংক্রান্ত

বর্গাকার ম্যাট্রিক্সের ক্ষেত্রে **Technic:** সকল ম্যাট্রিক্সের Adjoint ও বিপরীত ম্যাট্রিক্স থাকে না। কেবল বর্গাকার ম্যাট্রিক্সের Adjoint এবং বর্গাকার Nonsingular (অশূন্য মান বিশিষ্ট) ম্যাট্রিক্সের বিপরীত ম্যাট্রিক্স থাকে। A এর বিপরীত ম্যাট্রিক্সকে A^{-1} দ্বারা প্রকাশ করা হয়। ম্যাট্রিক্স A এর Inverse অর্থাৎ $A^{-1} = \frac{AdjA}{|A|}$ ।

Technic: $A = \begin{bmatrix} a & b \\ c & d \end{bmatrix}$ হলে, $Adj(A) = \begin{bmatrix} d & -b \\ -c & a \end{bmatrix}$
 $\therefore A^{-1} = \frac{AdjA}{|A|} = \frac{\begin{bmatrix} d & -b \\ -c & a \end{bmatrix}}{ad - bc}$

আয়তাকার ম্যাট্রিক্সের ক্ষেত্রে **Technic:** A যে কোন মাত্রার আয়তাকার বা বর্গাকার ম্যাট্রিক্স হলে $-A$ কে A এর যোগবোধক বিপরীত ম্যাট্রিক্স বলে অর্থাৎ A এর যোগবোধক বিপরীত ম্যাট্রিক্স $= -A$

Prob 01 যদি $R = \begin{bmatrix} 1 & 2 \\ 3 & 4 \end{bmatrix}$ হয়, তবে $R^{-1} = ?$

Sol: এখানে $R^T = \begin{bmatrix} 1 & 3 \\ 2 & 4 \end{bmatrix}$ $\therefore Adj(R) = \begin{bmatrix} 4 & -2 \\ -3 & 1 \end{bmatrix}$
 আবার, $|R| = (4-6) = -2$ $\therefore R^{-1} = \frac{Adj(R)}{|R|} = \frac{1}{-2} \begin{bmatrix} 4 & -2 \\ -3 & 1 \end{bmatrix}$ Ans.

Shortcut: A^{-1} এর মান, যদি $A = \begin{bmatrix} a & b \\ c & d \end{bmatrix}$ হয় তবে $detA = ad - bc$
 $\therefore A^{-1} = \frac{1}{ad - bc} \begin{bmatrix} d & -b \\ -c & a \end{bmatrix}$ হবে।

Prob 02 $A = \begin{bmatrix} 2 & 3 & -1 \\ 4 & -5 & 6 \end{bmatrix}$ হলে $Adj(A)$, বিপরীত ম্যাট্রিক্স কি?

Sol: $Adj(A)$ নির্ণয়যোগ্য নয়, কেননা A Square matrix নয়। A^{-1} নির্ণয়যোগ্য নয়, কেননা A square matrix নয়।
 যোগবোধক বিপরীত ম্যাট্রিক্স, $-A = \begin{bmatrix} -2 & -3 & 1 \\ -4 & 5 & -6 \end{bmatrix}$ Ans.

Type-04: ম্যাট্রিক্সের সমতা সংক্রান্ত

Prob 01 যদি $\begin{bmatrix} x-y & 1 \\ 7 & x+y \end{bmatrix} = \begin{bmatrix} 8 & 1 \\ 7 & 2 \end{bmatrix}$ হয়, তবে $(x, y) = ?$

Sol: ম্যাট্রিক্সদ্বয় সমান হওয়াতে $x - y = 8$ এবং $x + y = 2$
 $\therefore 2x = 10 \Rightarrow x = 5$
 আবার, $x - y = 8 \Rightarrow y = -3$ $\therefore (x, y) = (5, -3)$ Ans.

Prob 02 যদি $\begin{bmatrix} x+y & 1 \\ 8 & x-y \end{bmatrix} = \begin{bmatrix} 4 & 1 \\ 8 & 2 \end{bmatrix}$ হয়, তবে (x, y) কত?

Sol: $(x, y) = (3, 1)$ Ans.

Type-05: ব্যতিক্রমী (Singular) ম্যাট্রিক্স সংক্রান্ত

Prob 01 $\begin{pmatrix} \alpha+2 & 2 \\ 8 & \alpha-4 \end{pmatrix}$ ম্যাট্রিক্সটি ব্যতিক্রমী হবে যদি α এর মান-

Sol: $\begin{pmatrix} \alpha+2 & 2 \\ 8 & \alpha-4 \end{pmatrix}$ ম্যাট্রিক্সটি ব্যতিক্রমী হবে যদি ম্যাট্রিক্সটির নির্ণায়কের মান শূন্য হয়।
 $\therefore (\alpha+2)(\alpha-4) - 16 = 0 \Rightarrow \alpha^2 - 4\alpha + 2\alpha - 8 - 16 = 0$
 $\Rightarrow \alpha^2 - 2\alpha - 24 = 0 \Rightarrow \alpha^2 - 6\alpha + 4\alpha - 24 = 0$
 $\Rightarrow \alpha(\alpha-6) + 4(\alpha-6) = 0 \Rightarrow (\alpha-6)(\alpha+4) = 0 \therefore \alpha = -4, 6$

Type-06: কর্ণ, ট্রেস, মুখ্যপদ ও মাধ্যমিক পদ সংক্রান্ত

বর্গ ম্যাট্রিক্সের বাম দিকের সর্বোচ্চ (১ম রো, ১ম কলাম) উপাদান দিয়ে যাওয়া কর্ণটিকে প্রধান কর্ণ (Principal diagonal) আর অন্য কর্ণটিকে মাধ্যমিক কর্ণ/ শুধু কর্ণ বলে। মুখ্যকর্ণের উপাদানগুলোর যোগফলকে Trace বলে। মুখ্যকর্ণের উপাদানগুলোর গুণফলকে মুখ্যপদ এবং গৌণকর্ণের উপাদানগুলোর গুণফলকে মাধ্যমিক পদ বলে।

Prob 01 $A = \begin{pmatrix} 2 & 8 \\ 7 & 3 \end{pmatrix}$ এর Trace, মুখ্যকর্ণ, মুখ্যপদ, মাধ্যমিক কর্ণ, মাধ্যমিক পদ কত?

Sol: Trace = Tr(A) = 2 + 3 = 5
 2, 3 দিয়ে অংকিত কর্ণটি মুখ্যকর্ণ।
 মুখ্যপদ = 2.3 = 6
 7, 8 দিয়ে অংকিত কর্ণটি মাধ্যমিক কর্ণ/কর্ণ।
 মাধ্যমিকপদ = 7.8 = 56 Ans.

Prob 02 $\begin{bmatrix} 2 & 1 & 4 \\ 7 & 8 & 5 \\ 9 & 3 & 1 \end{bmatrix}$ ম্যাট্রিক্সের ট্রেস কত?

Sol: ট্রেস = প্রাইমারী কর্ণের উপাদানগুলোর যোগফল (2 + 8 + 1) = 11

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় জর্জি পরীক্ষার বিপত বছরের প্রশ্নাবলি
[শর্ট টেকনিক ও ক্যালকুলেটরের সাহায্যে সমাধান]

১. যদি $A = \begin{pmatrix} -2 & 1 \\ 3/2 & -1/2 \end{pmatrix}$ হয়, তবে A^{-1} সমান- [10-11]

- A. $\begin{pmatrix} 1 & 2 \\ 3 & 4 \end{pmatrix}$ B. $\begin{pmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{pmatrix}$ C. $\begin{pmatrix} 3 & 4 \\ 1 & 2 \end{pmatrix}$ D. $\begin{pmatrix} 1 & 2 \\ 3 & 4 \end{pmatrix}$

Ans D | Solve এখানে, $A = \begin{pmatrix} -2 & 1 \\ 3/2 & -1/2 \end{pmatrix} \therefore |A| = 1 - \frac{3}{2} = -\frac{1}{2}$

$$\therefore A^{-1} = \frac{1}{-\frac{1}{2}} \begin{pmatrix} -1 & -1 \\ -\frac{3}{2} & -2 \end{pmatrix} = -2 \begin{pmatrix} -1 & -1 \\ -\frac{3}{2} & -2 \end{pmatrix} = \begin{pmatrix} 2 & 2 \\ 3 & 4 \end{pmatrix}$$

[By Using Calculator. Ex-01(Inverse)]

বিঃ: যদি কোন Square matrix এর Determinal শূন্য হয় তবে তাকে singular matrix বলে অন্যথায় non-singular matrix বলে। কেবলমাত্র non-singular matrix এর inverse থাকে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় জর্জি পরীক্ষার বিপত বছরের প্রশ্নাবলি
[শর্ট টেকনিক ও ক্যালকুলেটরের সাহায্যে সমাধান]

০১. $A = \begin{pmatrix} -1 & -3 \\ 2 & 4 \end{pmatrix}$ হলে A^{-1} সমান কত? [14-15, 07-08]

- A. $\frac{1}{2} \begin{pmatrix} 4 & 3 \\ -2 & -1 \end{pmatrix}$ B. $-\frac{1}{2} \begin{pmatrix} 1 & 3 \\ 2 & -4 \end{pmatrix}$ C. $\frac{1}{2} \begin{pmatrix} 4 & 2 \\ -3 & -1 \end{pmatrix}$ D. $-\frac{1}{10} \begin{pmatrix} 4 & 3 \\ -2 & -1 \end{pmatrix}$

Ans A | Solve $A = \begin{pmatrix} -1 & -3 \\ 2 & 4 \end{pmatrix} \therefore |A| = \begin{vmatrix} -1 & -3 \\ 2 & 4 \end{vmatrix} = (-4 + 6) = 2$

$$\text{Adj}A = \begin{pmatrix} 4 & 3 \\ -2 & -1 \end{pmatrix} \therefore A^{-1} = \frac{\text{Adj}A}{|A|} = \frac{1}{2} \begin{pmatrix} 4 & 3 \\ -2 & -1 \end{pmatrix}$$

০২. কোন ম্যাট্রিক্সটির বিপরীত ম্যাট্রিক্স নেই? [12-13]

- A. $\begin{pmatrix} 2 & 1 \\ 1 & 2 \end{pmatrix}$ B. $\begin{pmatrix} 2 & 1 \\ 4 & 2 \end{pmatrix}$ C. $\begin{pmatrix} 3 & 2 \\ 1 & 4 \end{pmatrix}$ D. $\begin{pmatrix} 2 & -2 \\ 4 & 4 \end{pmatrix}$

Ans B | Solve যে ম্যাট্রিক্সের মান শূন্য হয় তার কোন বিপরীত ম্যাট্রিক্স নেই।

এখানে, $\begin{vmatrix} 2 & 1 \\ 4 & 2 \end{vmatrix} = 4 - 4 = 0$

০৩. $A = \begin{pmatrix} 1 & 2 \\ 4 & -3 \end{pmatrix}$, $B = \begin{pmatrix} 3 & 4 \\ 6 & 7 \end{pmatrix}$ হলে, $A - B =$ কত? [09-10; CU 02-03, 09-10, 11-12]

- A. $\begin{pmatrix} 2 & 2 \\ 2 & 10 \end{pmatrix}$ B. $\begin{pmatrix} -2 & 2 \\ 2 & -10 \end{pmatrix}$ C. $\begin{pmatrix} -2 & -2 \\ -2 & -10 \end{pmatrix}$
D. $\begin{pmatrix} 2 & -2 \\ -2 & 10 \end{pmatrix}$ E. $\begin{pmatrix} 2 & 2 \\ -2 & 10 \end{pmatrix}$

Ans C | Solve $A - B = \begin{pmatrix} 1-3 & 2-4 \\ 4-6 & -3-7 \end{pmatrix} = \begin{pmatrix} -2 & -2 \\ -2 & -10 \end{pmatrix}$

০৪. $A = \begin{pmatrix} 1 & -2 & 2 \\ 4 & 5 & 6 \end{pmatrix}$, $B = \begin{pmatrix} 3 & 0 & 2 \\ -7 & 1 & 8 \end{pmatrix}$, $A + B =$ কত? [09-10; CU 09-10]

- A. $\begin{pmatrix} -4 & 2 & 4 \\ -3 & 6 & 12 \end{pmatrix}$ B. $\begin{pmatrix} 4 & -2 & -4 \\ -3 & 6 & 14 \end{pmatrix}$ C. $\begin{pmatrix} 4 & -2 & 4 \\ 3 & 6 & 14 \end{pmatrix}$
D. $\begin{pmatrix} 4 & 2 & 4 \\ 3 & 6 & 12 \end{pmatrix}$ E. $\begin{pmatrix} 4 & -2 & 4 \\ -3 & 6 & 14 \end{pmatrix}$

Ans E | Solve $A + B = \begin{pmatrix} 1+3 & -2+0 & 2+2 \\ 4-7 & 5+1 & 6+8 \end{pmatrix} = \begin{pmatrix} 4 & -2 & 4 \\ -3 & 6 & 14 \end{pmatrix}$

[Or. By Using Calculator. Ex-01(addition)]

০১. $A = \begin{pmatrix} 5 & 2 \\ -3 & 1 \end{pmatrix}$ হলে A^{-1} কত হবে? [15-16; RU 15-16]

- A. $\frac{1}{11} \begin{pmatrix} 1 & -2 \\ -3 & 5 \end{pmatrix}$ B. $\frac{1}{11} \begin{pmatrix} 1 & 2 \\ 3 & 5 \end{pmatrix}$ C. $\frac{1}{-1} \begin{pmatrix} 1 & -2 \\ 3 & 5 \end{pmatrix}$ D. $\frac{1}{-1} \begin{pmatrix} 1 & 2 \\ -3 & 5 \end{pmatrix}$

Ans Blank | Solve $A = \begin{pmatrix} 5 & 2 \\ -3 & 1 \end{pmatrix}$, $|A| = \begin{vmatrix} 5 & 2 \\ -3 & 1 \end{vmatrix} = 5 + 6 = 11$

$$\therefore A^{-1} = \frac{1}{11} \begin{pmatrix} 1 & -2 \\ 3 & 5 \end{pmatrix}$$

০২. যদি $\begin{pmatrix} 2x & -y & 5 \\ 3 & & y \end{pmatrix} = \begin{pmatrix} 6 & 5 \\ 3 & -2 \end{pmatrix}$ হয় তবে x এর মান কত? [15-16]

- A. 0 B. 1 C. 2 D. 3

Ans C | Solve $2x - y = 6 \Rightarrow 2x + 2 = 6$
 $y = -2 \quad x = 2$

০৩. যদি $\begin{pmatrix} 3 & x \\ 3x+y & 7 \end{pmatrix} = \begin{pmatrix} 7 & 3 \\ 9 & 7 \end{pmatrix}$ হয় তবে y এর মান কত? [15-16]

- A. 0 B. 7 C. 9 D. 18

Ans A | Solve $x = 3$ এবং $3x + y = 9 \Rightarrow 9 + y = 9 \Rightarrow y = 0$

০৪. $A = \begin{pmatrix} 2 & 1 \\ 5 & 2 \end{pmatrix}$ এবং $B = \begin{pmatrix} 0 & -3 \\ -2 & -3 \end{pmatrix}$ হলে $2A + 3B$ এর মান কত? [15-16]

- A. $\begin{pmatrix} 4 & -7 \\ 4 & -5 \end{pmatrix}$ B. $\begin{pmatrix} 2 & -2 \\ 3 & -1 \end{pmatrix}$ C. $\begin{pmatrix} 0 & -3 \\ -10 & -6 \end{pmatrix}$ D. কোনটিই নয়

Ans A | Solve $2A + 3B = 2 \begin{pmatrix} 2 & 1 \\ 5 & 2 \end{pmatrix} + 3 \begin{pmatrix} 0 & -3 \\ -2 & -3 \end{pmatrix} = \begin{pmatrix} 4 & 2 \\ 10 & 4 \end{pmatrix} + \begin{pmatrix} 0 & -9 \\ -6 & -9 \end{pmatrix} = \begin{pmatrix} 4 & -7 \\ 4 & -5 \end{pmatrix}$

০৫. $\begin{pmatrix} 1 & 1 \\ 3 & y \end{pmatrix} \begin{pmatrix} x \\ 1 \end{pmatrix} = \begin{pmatrix} 4 \\ 1 \end{pmatrix}$ হলে x ও y এর মান কত? [14-15]

- A. -3, 8 B. -8, 3 C. 8, -3 D. 3, -8

Ans D | Solve $\begin{pmatrix} 1 & 1 \\ 3 & y \end{pmatrix} \begin{pmatrix} x \\ 1 \end{pmatrix} = \begin{pmatrix} 4 \\ 1 \end{pmatrix} \Rightarrow \begin{pmatrix} x+1 \\ 3x+y \end{pmatrix} = \begin{pmatrix} 4 \\ 1 \end{pmatrix}$

$$\Rightarrow x + 1 = 4 \Rightarrow x = 3 \Rightarrow 3x + y = 1$$

$\Rightarrow y = 1 - 3x = 1 - 9 = -8 \quad x = 3, y = -8$

০৬. $A = \begin{pmatrix} 0 & 1 \\ 1 & 2 \end{pmatrix}$ এবং $B = \begin{pmatrix} 1 \\ 2 \end{pmatrix}$ হলে $AB =$ কত? [14-15]

- A. $\begin{pmatrix} 5 \\ 2 \end{pmatrix}$ B. $\begin{pmatrix} 2 \\ 5 \end{pmatrix}$ C. $\begin{pmatrix} 1 \\ 5 \end{pmatrix}$ D. $\begin{pmatrix} -2 \\ 5 \end{pmatrix}$

Ans B | Solve $A = \begin{pmatrix} 0 & 1 \\ 1 & 2 \end{pmatrix}$, $B = \begin{pmatrix} 1 \\ 2 \end{pmatrix} \Rightarrow AB = \begin{pmatrix} 0 & 1 \\ 1 & 2 \end{pmatrix} \begin{pmatrix} 1 \\ 2 \end{pmatrix} = \begin{pmatrix} 2 \\ 5 \end{pmatrix}$

[Or. By Using Calculator. Ex-01 (Multiplication)]

০৭. একটি 2×3 আকারের ম্যাট্রিক্স A এবং একটি 5×3 আকারের ম্যাট্রিক্স B গুণ করা হলে গুণফল AB ম্যাট্রিক্সের আকার কত হবে? [14-15, 11-12]

- A. 2×3 B. 3×3 C. অসম্ভব D. 3×5

Ans A | Solve A = এর আকার 2×3 , B = এর আকার 3×3
AB এর আকার হবে 2×3

০৮. $A = \begin{pmatrix} 1 & 2 \\ 4 & -3 \end{pmatrix}$ হলে A^2 এর মান কত? [14-15]

- A. $\begin{pmatrix} 1 & 8 \\ 12 & 17 \end{pmatrix}$ B. $\begin{pmatrix} 9 & -4 \\ 0 & 17 \end{pmatrix}$ C. $\begin{pmatrix} 9 & -4 \\ -8 & 17 \end{pmatrix}$ D. $\begin{pmatrix} 9 & 0 \\ -8 & 17 \end{pmatrix}$

Ans C | Solve $A = \begin{pmatrix} 1 & 2 \\ 4 & -3 \end{pmatrix} \Rightarrow A^2 = \begin{pmatrix} 1 & 2 \\ 4 & -3 \end{pmatrix} \begin{pmatrix} 1 & 2 \\ 4 & -3 \end{pmatrix} = \begin{pmatrix} 9 & -4 \\ -8 & 17 \end{pmatrix}$

০৯. ম্যাট্রিক্স A এর মাত্রা 2×4 এবং ম্যাট্রিক্স B এর মাত্রা 4×3 হলে, BA- এর মাত্রা- [A 12-13]

- A. 2×3 B. 4×3 C. 3×2 D. অসংজ্ঞায়িত

Ans D | Solve BA অসংজ্ঞায়িত হবে যেহেতু B এর কলাম \neq A এর সারি।

10. যদি ম্যাট্রিক্স $A = \begin{bmatrix} -1 & -3 & 4 \end{bmatrix}$ হয় এবং O একটি 3×3 শূন্য ম্যাট্রিক্স হয় তাহলে, AO হবে- [A12-13]
A. $[0 \ 0 \ 0]$ B. $[-1 \ -3 \ 4]$ C. $[0]$ D. কোনটিই নয়

Ans A Solve AO ম্যাট্রিক্স এর মাত্রা 1×3 এবং ম্যাট্রিক্সটি $[0 \ 0 \ 0]$
[Using Calculator- Multiplication]

11. যদি ম্যাট্রিক্স $A = \begin{bmatrix} -2 & -1 & 3 \end{bmatrix}$ হয় এবং I একটি 3×3 ইউনিট ম্যাট্রিক্স হয় তাহলে, $AI =$ [11-12]
A. 0 B. $[0 \ 0 \ 0]$ C. $[-2 \ -1 \ 3]$ D. অসংজ্ঞায়িত

Ans C Solve ইউনিট ম্যাট্রিক্সের ক্ষেত্রে, $AI = A = \begin{bmatrix} -2 & -1 & 3 \end{bmatrix}$
[Using Calculator- Multiplication]

রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি
[শর্ট টেকনিক ও ক্যালকুলেটরের সাহায্যে সমাধান]

01. যদি A একটি 2×5 মাত্রার এবং B একটি 5×2 মাত্রার ম্যাট্রিক্স হয় তবে BA -এর মাত্রা কত হবে? [15-16]
A. 2×2 B. 5×5 C. 2×5 D. 5×2

Ans B Solve B -এর মাত্রা 5×2
 A -এর মাত্রা 2×5

$\therefore BA$ এর মাত্রা (5×5)

02. যদি A ও B দুইটি ম্যাট্রিক্স হয় এবং $A + I_2 = B$ হয়, তবে B -এর মাত্রা কত? [15-16]
A. 2×3 B. $n \times n$ C. 3×3 D. 2×2

Ans D Solve $\because A + I_2 = B$, $\therefore B$ -এর মাত্রা I_2 -এর মাত্রা 2×2
এর সমান, $\therefore B$ -এর মাত্রা 2×2

03. যদি $A = \begin{bmatrix} 1 & 1 \\ 0 & 1 \end{bmatrix}$ হয়, তবে $A^5 = ?$ [15-16]

A. $\begin{bmatrix} 1 & 5 \\ 0 & 1 \end{bmatrix}$ B. $\begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix}$ C. $\begin{bmatrix} 0 & 0 \\ 0 & 1 \end{bmatrix}$ D. $\begin{bmatrix} 0 & 0 \\ 0 & 0 \end{bmatrix}$

Ans A Solve $A = \begin{bmatrix} 1 & 1 \\ 0 & 1 \end{bmatrix}$

$$A^2 = \begin{bmatrix} 1 & 1 \\ 0 & 1 \end{bmatrix} \begin{bmatrix} 1 & 1 \\ 0 & 1 \end{bmatrix} = \begin{bmatrix} 1 & 2 \\ 0 & 1 \end{bmatrix}$$

$$A^3 = A^2 A = \begin{bmatrix} 1 & 2 \\ 0 & 1 \end{bmatrix} \begin{bmatrix} 1 & 1 \\ 0 & 1 \end{bmatrix} = \begin{bmatrix} 1 & 3 \\ 0 & 1 \end{bmatrix} \text{ অনুরূপে,}$$

$$A^5 = \begin{bmatrix} 1 & 5 \\ 0 & 1 \end{bmatrix}$$

04. যদি A , B ও C ম্যাট্রিক্সগুলো যোগ ও গুণনের জন্য যোগ্য হয়; তবে নিচের কোনটি সঠিক? [14-15]

A. $A(B+C) = AB + AC$ B. $(A+B)C = AC + BC$
C. $A(BC) = (AB)C$ D. সবগুলোই সঠিক

Ans D Solve গুরুত্বপূর্ণ তথ্যাবলি দ্রষ্টব্য।

05. স্কেলার গুণনের ক্ষেত্রে নিম্নের কোনটি সত্য? [14-15]

A. এটি বিনিময়যোগ্য B. এটি বন্টন বিধি মেনে চলে না
C. এটি বিনিময়যোগ্য না D. এটি বিনিময় ও বন্টনবিধি মেনে চলে না

Ans A Solve স্কেলার গুণন বিনিয়োগযোগ্য।

06. If $A = \begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix}$ then, $A^4 = ?$ [13-14]

A. $\begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix}$ B. $\begin{bmatrix} 1 & 0 \\ 1 & 1 \end{bmatrix}$ C. impossible D. $\begin{bmatrix} 1 & 1 \\ 0 & 1 \end{bmatrix}$ **Ans. A**

07. $A = \begin{bmatrix} 1 & -3 & -4 \\ 2 & 1 & 0 \\ 3 & -2 & 5 \end{bmatrix}$ হলে, নিচের কোনটি সঠিক? [11 12-13]

A. $\det(A) = 3$ B. $\det(A) = 0$
C. $\det(A) = 63$ D. $\det(A)$ নির্ণয় করা সম্ভব নয়

Ans C Solve $\det(A) = 1(5 - 0) + 3(10 - 0) - 4(-4 - 3)$
 $= 5 + 30 + 28 = 63$

[Or, By Using Calculator. Ex-01 (Determination)]

08. স্কেলার ম্যাট্রিক্স তাকে বলে যার- [06-07]

A. সারি ও কলামের সংখ্যা সমান থাকে
B. কলামের সংখ্যা 1 কিন্তু সারির সংখ্যা সমান
C. $a_{ij} = 0$ যখন $i \neq j$
D. ডায়াগোনাল ম্যাট্রিক্সের অশূন্য উপাদানগুলো সমান

09. দুইটি ম্যাট্রিক্সের কলামের সংখ্যা c_1 ও c_2 এবং সারির সংখ্যা যথাক্রমে r_1 ও r_2 হলে, এদের গুণনের শর্ত কি? [05-06]

A. $c_1 = c_2$ B. $r_1 = r_2$ C. $r_1 = c_2$ D. $c_1 = r_2$

10. ম্যাট্রিক্স গুণনের শর্ত কি? $A = \begin{bmatrix} 1 & 2 \\ 3 & -4 \end{bmatrix}$ হয় তবে দেখাও যে,

$$A^2 + 3A - 10I = 0 \text{ যেখানে } I = \begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix} \text{ [03-04]}$$

Solve শর্ত [1ম ম্যাট্রিক্সের কলাম সংখ্যা ও 2য় ম্যাট্রিক্সের সারির সংখ্যার সমান হলে]

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি
[শর্ট টেকনিক ও ক্যালকুলেটরের সাহায্যে সমাধান]

01. $A = \begin{pmatrix} -1 & -5 \\ -2 & 3 \end{pmatrix}$ হলে A^{-1} কত? [15-16]

A. $-\frac{1}{13} \begin{pmatrix} 3 & 5 \\ 2 & -1 \end{pmatrix}$ B. $\begin{pmatrix} 3 & 5 \\ 2 & 1 \end{pmatrix}$ C. $\begin{pmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{pmatrix}$ D. $\begin{pmatrix} 0 & 1 \\ 1 & 0 \end{pmatrix}$ E. $\begin{pmatrix} 1 & 5 \\ 2 & 3 \end{pmatrix}$

Ans A Solve $|A| = \begin{vmatrix} -1 & -5 \\ -2 & 3 \end{vmatrix} = (-3 - 10) = -13$

$$\therefore A^{-1} = \frac{1}{-13} \begin{pmatrix} 3 & 5 \\ 2 & -1 \end{pmatrix}$$

02. $M = \begin{pmatrix} 2 & -3 \\ 0 & 1 \end{pmatrix}$ এবং $N = \begin{pmatrix} 1 & -1 \\ -1 & 3 \end{pmatrix}$ হলে $(MN)^{-1}$ এর মান: [15-16]

A. $N^{-1}M^{-1}$ B. $M^{-1}N^{-1}$ C. MN D. নেই

Ans A Solve $(MN)^{-1} = N^{-1}M^{-1}$

03. ম্যাট্রিক্স $P = \begin{pmatrix} 2 & 5 \\ 3 & 8 \end{pmatrix}$ এর P^{-1} হয়- [15-16, 14-15, 12-13]

A. $\begin{pmatrix} 8 & -5 \\ 3 & -2 \end{pmatrix}$ B. $\begin{pmatrix} 8 & 5 \\ 3 & 2 \end{pmatrix}$ C. $\begin{pmatrix} -8 & -5 \\ 3 & 2 \end{pmatrix}$

D. $\begin{pmatrix} 8 & -5 \\ -3 & 2 \end{pmatrix}$ E. $\begin{pmatrix} 8 & 5 \\ -3 & 2 \end{pmatrix}$

Ans D Solve $p = \begin{pmatrix} 2 & 5 \\ 3 & 8 \end{pmatrix} \therefore |p| = 16 - 15 = 1$

$$\therefore P^{-1} = \frac{1}{1} \begin{pmatrix} 8 & -5 \\ -3 & 2 \end{pmatrix} = \begin{pmatrix} 8 & -5 \\ -3 & 2 \end{pmatrix}$$

04. $P = \begin{pmatrix} 1 & -1 \\ 2 & 3 \end{pmatrix}$ হলে, $P^2 =$ [15-16, 11-12]

A. $\begin{pmatrix} -1 & 4 \\ 8 & 7 \end{pmatrix}$ B. $\begin{pmatrix} 1 & -4 \\ -8 & 7 \end{pmatrix}$ C. $\begin{pmatrix} -1 & -4 \\ 8 & 7 \end{pmatrix}$

D. $\begin{pmatrix} -1 & -4 \\ -8 & 7 \end{pmatrix}$ E. $\begin{pmatrix} -1 & -4 \\ 8 & 7 \end{pmatrix}$

Ans E Solve $P^2 = \begin{pmatrix} 1 & -1 \\ 2 & 3 \end{pmatrix} \begin{pmatrix} 1 & -1 \\ 2 & 3 \end{pmatrix} = \begin{pmatrix} 1-2 & -1-3 \\ 2+6 & -2+9 \end{pmatrix} = \begin{pmatrix} -1 & -4 \\ 8 & 7 \end{pmatrix}$

05. ম্যাট্রিক্স p নির্ণয় কর যদি $p^2 = \begin{pmatrix} 17 & 8 \\ 8 & 17 \end{pmatrix}$ হয়। [15-16]

A. $\begin{pmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{pmatrix}$ B. $\begin{pmatrix} 7 & 8 \\ 9 & 6 \end{pmatrix}$ C. $\begin{pmatrix} 4 & 1 \\ 1 & 4 \end{pmatrix}$ D. $\begin{pmatrix} 1 & 4 \\ 1 & 4 \end{pmatrix}$ E. $\begin{pmatrix} 0 & 2 \\ 3 & 1 \end{pmatrix}$

Ans C Solve $\begin{pmatrix} 4 & 1 \\ 1 & 4 \end{pmatrix} \begin{pmatrix} 4 & 1 \\ 1 & 4 \end{pmatrix} = \begin{pmatrix} 16+1 & 4+4 \\ 4+4 & 1+16 \end{pmatrix} = \begin{pmatrix} 17 & 8 \\ 8 & 17 \end{pmatrix} \therefore P = \begin{pmatrix} 4 & 1 \\ 1 & 4 \end{pmatrix}$

১৩. যদি $A = \begin{bmatrix} a & -b \\ c & d \end{bmatrix}$ হয়, তবে $A^{-1} =$ কত? [15-16]

- A. $ad - bc$ B. $ad + bc$ C. $\frac{1}{ad - bc} \begin{bmatrix} a & b \\ -c & d \end{bmatrix}$
 D. $\frac{1}{ad - bc} \begin{bmatrix} d & b \\ -c & a \end{bmatrix}$ E. $\frac{1}{ad + bc} \begin{bmatrix} d & b \\ -c & a \end{bmatrix}$

Ans E Solve $|A| = ad + bc; A^{-1} = \frac{1}{ad + bc} \begin{bmatrix} d & b \\ -c & a \end{bmatrix}$

১৪. $M = \begin{bmatrix} 5 & 2 \\ 4 & 3 \end{bmatrix}$ হলে $M - 2I =$ কত? [1 হলো একক ম্যাদ্রিঞ্জ] [15-16]

- A. $\begin{bmatrix} 3 & 0 \\ 2 & 2 \end{bmatrix}$ B. $\begin{bmatrix} 3 & 2 \\ 4 & 1 \end{bmatrix}$ C. $\begin{bmatrix} 3 & 2 \\ 2 & 1 \end{bmatrix}$ D. $\begin{bmatrix} 3 & 0 \\ 2 & 1 \end{bmatrix}$ E. কোনটিই নয়

Ans B Solve $M - 2I = \begin{bmatrix} 5 & 2 \\ 4 & 3 \end{bmatrix} - 2 \begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix}$

$$= \begin{bmatrix} 5 & 2 \\ 4 & 3 \end{bmatrix} - \begin{bmatrix} 2 & 0 \\ 0 & 2 \end{bmatrix} = \begin{bmatrix} 3 & 2 \\ 4 & 1 \end{bmatrix}$$

১৫. $\begin{bmatrix} a & 3 \\ -4 & 1 \end{bmatrix}$ একটি সিঙ্গুলার ম্যাদ্রিঞ্জ হলে 'a' এর মান কত? [15-16]

- A. 0 B. 1 C. -1 D. 12 E. -12

Ans E Solve শ্রদন্ত ম্যাদ্রিঞ্জ সিঙ্গুলার হবে, যখন

$$\begin{vmatrix} a & 3 \\ -4 & 1 \end{vmatrix} = 0 \Rightarrow a + 12 = 0 \Rightarrow a = -12$$

১৬. যদি $A = \begin{pmatrix} 1 & i \\ -i & 1 \end{pmatrix}$ এবং $B = \begin{pmatrix} i & -1 \\ -1 & -i \end{pmatrix}$ দুইটি ম্যাদ্রিঞ্জ হয় তবে AB নির্ণয় কর। [14-15]

- A. $\begin{pmatrix} 0 & 0 \\ 0 & 0 \end{pmatrix}$ B. $\begin{pmatrix} 2i & -2 \\ -2 & -2i \end{pmatrix}$ C. $\begin{pmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{pmatrix}$ D. $\begin{pmatrix} 1 & 1 \\ 1 & 1 \end{pmatrix}$

Ans A Solve $AB = \begin{pmatrix} 1 & -i \\ i & -1 \end{pmatrix} \begin{pmatrix} i & -1 \\ -1 & -i \end{pmatrix}$

$$= \begin{pmatrix} i-i & -1-i^2 \\ -i^2-1 & i-i \end{pmatrix} = \begin{pmatrix} 0 & -1+1 \\ 1-1 & 0 \end{pmatrix} = \begin{pmatrix} 0 & 0 \\ 0 & 0 \end{pmatrix}$$

১৭. $A = \begin{pmatrix} 3 & 7 \\ 2 & 5 \end{pmatrix}$ এবং $B = \begin{pmatrix} -3 & 2 \\ 4 & -1 \end{pmatrix}$ হলে, ম্যাদ্রিঞ্জ C নির্ণয় কর যাতে $5C + 2B = A$ হয়। [14-15]

- A. $\frac{1}{5} \begin{pmatrix} 9 & 3 \\ -6 & 7 \end{pmatrix}$ B. $\begin{pmatrix} 9 & 3 \\ -6 & 7 \end{pmatrix}$ C. $\begin{pmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{pmatrix}$
 D. $\begin{pmatrix} -3 & -7 \\ -2 & -5 \end{pmatrix}$ E. কোনটিই নয়

Ans A Solve $A = \begin{pmatrix} 3 & 7 \\ 2 & 5 \end{pmatrix}, B = \begin{pmatrix} -3 & 2 \\ 4 & -1 \end{pmatrix}$ [$\therefore 5C + 2B = A$]

$$5C = A - 2B = \begin{pmatrix} 3 & 7 \\ 2 & 5 \end{pmatrix} - 2 \begin{pmatrix} -3 & 2 \\ 4 & -1 \end{pmatrix} = \begin{pmatrix} 3 & 7 \\ 2 & 5 \end{pmatrix} - \begin{pmatrix} -6 & 4 \\ 8 & -2 \end{pmatrix} = \begin{pmatrix} 9 & 3 \\ -6 & 7 \end{pmatrix}$$

$$\Rightarrow C = \frac{1}{5} \begin{pmatrix} 9 & 3 \\ -6 & 7 \end{pmatrix}$$

১৮. $S = \begin{pmatrix} -1 & 0 \\ 0 & -1 \end{pmatrix}, a = \begin{pmatrix} i & 0 \\ 0 & i \end{pmatrix}$ হলে Sa^2 হবে- [13-14]

- A. S^2 B. a^3S C. $-S$ D. a E. S

Ans A Solve $a^2 = \begin{bmatrix} i & 0 \\ 0 & i \end{bmatrix} \begin{bmatrix} i & 0 \\ 0 & i \end{bmatrix} = \begin{bmatrix} -1 & 0 \\ 0 & -1 \end{bmatrix} = S$

$$\therefore Sa^2 = S \times S = S^2$$

১৯. যদি $A = \begin{bmatrix} 1 & 0 & 2 \\ 0 & 1 & 3 \end{bmatrix}$ এবং $B = \begin{bmatrix} 1 & -2 \\ 2 & 3 \\ -3 & 1 \end{bmatrix}$ তবে AB-এর মান কত? [11-12]

- A. 48 B. 36 C. 6 D. 12 E. 24

Ans = Solve $AB = \begin{bmatrix} -5 & 0 \\ -7 & 6 \end{bmatrix}; |AB| = -30$

[Using Calculator. Ex-01 (Multiplication)]

১৩. $a \begin{pmatrix} 1 & 2 & 3 \\ 4 & 5 & 6 \\ 7 & 8 & 9 \end{pmatrix} = \begin{pmatrix} -1 & -2 & -3 \\ -4 & -5 & -6 \\ -7 & -8 & -9 \end{pmatrix}$ হলে, a এর মান হচ্ছে- [08-09]

- A. 1 B. -1 C. ± 1 D. 0 E. পূর্ববর্তী কোনটিই নয়

Ans B Solve $a \begin{pmatrix} 1 & 2 & 3 \\ 4 & 5 & 6 \\ 7 & 8 & 9 \end{pmatrix} = - \begin{pmatrix} 1 & 2 & 3 \\ 4 & 5 & 6 \\ 7 & 8 & 9 \end{pmatrix} \therefore a = -1$

১৪. ম্যাদ্রিঞ্জ $3 \begin{bmatrix} x_{11} & x_{12} & x_{13} \\ x_{21} & x_{22} & x_{23} \end{bmatrix}$ এর কোনটি সত্য? [05-06]

- A. $\begin{bmatrix} 3x_{11} & x_{12} & x_{13} \\ 3x_{21} & x_{22} & x_{23} \end{bmatrix}$ B. $\begin{bmatrix} 3x_{11} & x_{12} & 3x_{13} \\ 3x_{21} & x_{22} & x_{23} \end{bmatrix}$
 C. $\begin{bmatrix} x_{11} & 3x_{12} & x_{13} \\ x_{21} & 3x_{22} & x_{23} \end{bmatrix}$ D. $\begin{bmatrix} 3x_{11} & 3x_{12} & 3x_{13} \\ 3x_{21} & 3x_{22} & 3x_{23} \end{bmatrix}$ **Ans. D**

১৫. ম্যাদ্রিঞ্জ $A = \begin{pmatrix} 2 & -2 & -4 \\ -1 & 3 & 4 \\ 1 & -2 & -3 \end{pmatrix}$ হলে, A^2 এর মান হবে- [05-06]

- A. $-A$ B. 0 C. 2A D. A E. 1

Ans D Solve

$$\begin{bmatrix} 4+2-4 & -4-6+8 & -8-8+12 \\ -2-3+4 & 2+9-8 & 4+12-12 \\ 2+2-3 & -2-6+6 & -4-8+9 \end{bmatrix} = \begin{bmatrix} 2 & -2 & -4 \\ -1 & 3 & 4 \\ 1 & -2 & -3 \end{bmatrix} = A$$

[Using Calculator. Ex-01 (Multiplication)]

১৬. যদি $X = \begin{bmatrix} 2 & 3 \\ -4 & 5 \end{bmatrix}$ এবং $Y = \begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix}$ হলে, $XY = ?$ [C 04,05]

- A. $-X$ B. X C. Y D. $-Y$

Ans B Solve

Y একটি অভেদ ম্যাদ্রিঞ্জ বলে X কে গুণ করলে উত্তর X হবে। কেননা অভেদ ম্যাদ্রিঞ্জ দ্বারা যে কোন ম্যাদ্রিঞ্জকে গুণ করলেই ম্যাদ্রিঞ্জটি অপরিবর্তিত থাকে।

[Using Calculator. Ex-01 (Multiplication)]

১৭. $M = \begin{bmatrix} a & b \\ 0 & c \end{bmatrix}$ হলে, $Mx =$ কোনটি? [04-05]

- A. $\begin{bmatrix} ax & b \\ 0 & cx \end{bmatrix}$ B. $\begin{bmatrix} a & bx \\ 0 & c \end{bmatrix}$ C. $\begin{bmatrix} ax & b \\ 0 & c \end{bmatrix}$ D. $\begin{bmatrix} ax & bx \\ 0 & cx \end{bmatrix}$ **Ans. D**

১৮. A, B ও C ম্যাদ্রিঞ্জ তিনটির পর্যায় যথাক্রমে $p \times r, q \times s$ এবং $r \times s$ নিচের কোনটি গুণনযোগ্য- [04-05]

- A. AB B. BA C. BC D. AC **Ans. D**

১৯. $D = \begin{bmatrix} a & 0 & 0 \\ 0 & b & 0 \\ 0 & 0 & c \end{bmatrix}$ এবং $D' = \begin{bmatrix} 2a & 0 & 0 \\ 0 & 2b & 0 \\ 0 & 0 & 2c \end{bmatrix}$ দুইটি ম্যাদ্রিঞ্জ হলে- [04-05]

- A. $D' = 6D$ B. $D' = 8D$ C. $D' = 2D$ D. $D' = 12D$ **Ans. C**

খুলনা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি
[শর্ট টেকনিক ও ক্যালকুলেটরের সাহায্যে সমাধান]

১০. $P = \begin{bmatrix} 2 & 1 \end{bmatrix}$ এবং $Q = \begin{bmatrix} 1 & -2 & 0 \\ 4 & 5 & -3 \end{bmatrix}$ হলে PQ এর মান কত? [13-14]

- A. $\begin{bmatrix} 6 & -1 & 3 \end{bmatrix}$ B. $\begin{bmatrix} 6 & 1 & -3 \end{bmatrix}$ C. $\begin{bmatrix} 6 \\ 1 \\ -3 \end{bmatrix}$ D. $\begin{bmatrix} 6 \\ -1 \\ 3 \end{bmatrix}$ **Ans. B**

02. যদি $C = AB$ হয় যেখানে $A = \begin{bmatrix} 1 & 2 & 3 \\ 3 & 2 & 1 \\ 1 & 1 & 2 \end{bmatrix}$ ও $B = \begin{bmatrix} 1 & 1 & 2 \\ 1 & 2 & 3 \\ 3 & 2 & 1 \end{bmatrix}$ তবে,

C-এর আকার হলো- [A 12-13]

- A. $\begin{bmatrix} 9 & 14 & 10 \\ 7 & 10 & 14 \\ 6 & 7 & 7 \end{bmatrix}$ B. $\begin{bmatrix} 7 & 7 & 10 \\ 9 & 8 & 9 \\ 12 & 9 & 11 \end{bmatrix}$ C. $\begin{bmatrix} 6 & 10 & 10 \\ 6 & 9 & 11 \\ 8 & 11 & 13 \end{bmatrix}$
D. $\begin{bmatrix} 12 & 11 & 11 \\ 8 & 9 & 13 \\ 8 & 7 & 7 \end{bmatrix}$ E. $\begin{bmatrix} 12 & 8 & 8 \\ 11 & 9 & 7 \\ 11 & 13 & 7 \end{bmatrix}$

Ans D Solve $C = AB = \begin{bmatrix} 12 & 11 & 11 \\ 8 & 9 & 13 \\ 8 & 7 & 7 \end{bmatrix}$

[Using Calculator. Ex-01 (Multiplication)]

03. $A = \begin{bmatrix} 1 & 2 \\ 4 & -3 \end{bmatrix}$ এবং $B = [-2 \ 3]$ হলে, তাদের যোগফল কত? [A 12-13]

- A. $\begin{bmatrix} -1 & 5 \\ 4 & -3 \end{bmatrix}$ B. $\begin{bmatrix} 1 & 2 \\ 2 & 0 \end{bmatrix}$
C. $\begin{bmatrix} -1 & 5 \\ 2 & 0 \end{bmatrix}$ D. যোগ করা যাবে না

Ans D Solve $A = \begin{bmatrix} 1 & 2 \\ 4 & -3 \end{bmatrix}$, $B = [-2, 3]$ A ও B -এর আকার বা

মাত্রা ভিন্ন হওয়ায় এদের যোগ করা যাবে না।

শাহজালাল বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি
[শর্ট টেকনিক ও ক্যালকুলেটরের সাহায্যে সমাধান]

01. x এর কোন মানগুলির জন্য $\begin{pmatrix} x & -1 & -1 \\ 0 & x & -3 \\ x-4 & -1 & 0 \end{pmatrix}$ ম্যাট্রিক্সের কোন বিপরীত

ম্যাট্রিক্স পাওয়া যাবে না। [15-16]

- A. 6, -2 B. -6, -2 C. 6, 2
D. -6, 2 E. 6, 4

Ans A Solve $\begin{vmatrix} x & -1 & -1 \\ 0 & x & -3 \\ x-4 & -1 & 0 \end{vmatrix} = 0$

$\Rightarrow \begin{vmatrix} x & -1 & -1 \\ 0 & x & -3 \\ -4 & 0 & 1 \end{vmatrix} = 0$ [$R_3 = R_3 - R_1$]

$\Rightarrow x(x) - 4(3 + x) = 0 \Rightarrow x^2 - 4x - 12 = 0$

$\Rightarrow x^2 - 6x + 2x - 12 = 0 \Rightarrow x(x - 6) + 2(x - 6) = 0$

$\Rightarrow (x - 6)(x + 2) = 0 \Rightarrow x = 6, -2$

02. 3×3 আকারের একটি কর্ণ ম্যাট্রিক্স D এর জন্য $|D| = 20$ হলে $|(2D)^{-1}|$ এর মান কত?

- A. $\frac{1}{160}$ B. $\frac{1}{40}$ C. $\frac{1}{10}$ D. $-\frac{1}{160}$ E. $-\frac{1}{40}$

Ans A Solve ধরি, $D = \begin{bmatrix} a & 0 & 0 \\ 0 & a & 0 \\ 0 & 0 & a \end{bmatrix} \Rightarrow |D| = a^3 = 20$

- A. $3\sqrt{3}$ B. $4\sqrt{3}$ C. $5\sqrt{3}$ D. $6\sqrt{3}$

20. ABCD বৃত্তস্থ চতুর্ভুজের কোণগুলো A, B, C, D হলে, $\cos \frac{A+C}{2} + \cos \frac{B+D}{2} = ?$

- A. 1 B. 0 C. 45 D. 90

21. ABCD বৃত্তস্থ চতুর্ভুজের ক্ষেত্রে, $\sin \frac{B+D}{2} + \sin \frac{A+C}{2}$ এর মান কোনটি?

- A. 0 B. 1 C. 2 D. 3

22. $\frac{b-c}{b+c} \cot \frac{A}{2} = ?$

- A. $\tan \frac{C-A}{2}$ B. $\cot \frac{B-C}{2}$ C. $\tan \frac{B-C}{2}$ D. None

23. ABC ত্রিভুজে $A = 75^\circ$, $B = 45^\circ$ হয়, তবে c:b=?

- A. $\sqrt{2} : \sqrt{3}$ B. $\sqrt{3} : \sqrt{2}$ C. $1 : \sqrt{2}$ D. $\sqrt{2} : 1$

24. কোন ত্রিভুজের বাহুগুলো 12, 14 এবং 16 হলে ত্রিভুজটির অন্তঃব্যাসার্ধ, পরিব্যাসার্ধ নির্ণয় কর।

- A. $1, \frac{3}{\sqrt{5}}$ B. $5, \frac{30}{\sqrt{5}}$ C. $9, \frac{32}{\sqrt{10}}$ D. $\sqrt{15}, \frac{32}{\sqrt{15}}$

25. ত্রিভুজের যে কোন কোণের sine অনুপাতকে তার বাহুর পরিমাপে প্রকাশ করলে $\sin A$ এর মান কত?

- A. $\frac{\Delta}{bc}$ B. $\frac{2\Delta}{bc}$ C. $\frac{\Delta}{ac}$ D. $\frac{3\Delta}{bc}$

26. যে কোন ত্রিভুজের ক্ষেত্রে $bc \cos^2 \frac{A}{2} + ca \cos^2 \frac{B}{2} + ab \cos^2 \frac{C}{2}$ এর মান কত?

- A. $\frac{1}{R}$ B. S^2 C. $\frac{S}{R}$ D. S

27.  ত্রিভুজের ক্ষেত্রফল?

- A. $8cm^2$ B. $2cm^2$
C. $12cm^2$ D. $3cm^2$

28. ত্রিভুজের বাহুগুলোর অনুপাত 5 : 13 : 12 হলে, ত্রিভুজটি কিরূপ?

- A. সূক্ষকোণী B. স্থলকোণী
C. সমদ্বিবাহু ত্রিভুজ D. সমকোণী

29. ΔABC ত্রিভুজের ক্ষেত্রে, $2(bc \cos A + ca \cos B + ab \cos C)$ এর মান কত?
A. $ab + bc + ca$ B. $ab + bc + ca + a^2 + b^2 + c^2$
C. $a^2 + b^2 + c^2$ D. $a + b + c$

30. $(a-b)^2 \cos^2 \frac{C}{2} + (a+b)^2 \sin^2 \frac{C}{2} = ?$

- A. b^2 B. c^2
C. $c \cdot a^2$ D. abc

31. ΔABC এ $\sin \left(\frac{A}{2} + B \right)$ এর মান কত?

- A. $(b+c) \cos \frac{A}{2}$ B. $(b+c) \sin \frac{A}{2}$
C. $(c-a) \sin \frac{B}{2}$ D. $(a+b) \cos \frac{B}{2}$

32. ΔABC এ $a(\cos C - \cos B)$ এর মান কত?

- A. $2 \left(\frac{b-c}{a} \right) \cos^2 \frac{A}{2}$ B. $2 \left(\frac{b-c}{a} \right) \cos^2 \frac{A}{2}$
C. $2(b+c) \sin^2 \frac{A}{2}$ D. $2(b-c) \sin^2 \frac{A}{2}$

33. ΔABC এ $4\Delta(\cot A + \cot B + \cot C)$ এর মান কত?


- A. $a + b + c$ B. $a^2 + b^2 + c^2$
C. $a^2 + ab + b^2$ D. $a^2 - b^2 + c^2$

OMR

01. (A)(B)(C)(D)	10. (A)(B)(C)(D)	19. (A)(B)(C)(D)	28. (A)(B)(C)(D)
02. (A)(B)(C)(D)	11. (A)(B)(C)(D)	20. (A)(B)(C)(D)	29. (A)(B)(C)(D)
03. (A)(B)(C)(D)	12. (A)(B)(C)(D)	21. (A)(B)(C)(D)	30. (A)(B)(C)(D)
04. (A)(B)(C)(D)	13. (A)(B)(C)(D)	22. (A)(B)(C)(D)	31. (A)(B)(C)(D)
05. (A)(B)(C)(D)	14. (A)(B)(C)(D)	23. (A)(B)(C)(D)	32. (A)(B)(C)(D)
06. (A)(B)(C)(D)	15. (A)(B)(C)(D)	24. (A)(B)(C)(D)	33. (A)(B)(C)(D)
07. (A)(B)(C)(D)	16. (A)(B)(C)(D)	25. (A)(B)(C)(D)	34. (A)(B)(C)(D)
08. (A)(B)(C)(D)	17. (A)(B)(C)(D)	26. (A)(B)(C)(D)	35. (A)(B)(C)(D)
09. (A)(B)(C)(D)	18. (A)(B)(C)(D)	27. (A)(B)(C)(D)	36. (A)(B)(C)(D)

Answer with Hints

01 A: Hints: Type-03	02 B: Hints: Type-06
03 C: Hints: Type-03	04 C: Hints: Type-02
05 A: Hints: Type-02	06 D: Hints: গুরুত্বপূর্ণ তথ্যাবলি
07 C: Hints: Type-01	08 B: Hints: Type-05
09 A: Hints: Type-05	10 C: Hints: Type-04
11 A: Hints: Type-03	12 A: Hints: Type-02
13 B: Hints: Type-02	14 D: Hints: Type-02
15 D: Hints: Type-03	16 B: Hints: গুরুত্বপূর্ণ তথ্যাবলি
17 C: Hints: Type-08, Prob-01	18 B: Hints: Type-08, Prob-03
19 A: Hints: Type-09, Prob-02	20 B: Hints: Type-10
21 C: Hints: Type-10	22 C: Hints: গুরুত্বপূর্ণ তথ্যাবলি
23 B: Hints: Type-11, Prob-01	24 D: Hints: Type-11, Prob-02
25 B: Hints: Type-07, Prob-01	26 B: Hints: Type-12
27 C: Hints: Type-09, Prob-01	28 D: Hints: Type-08
29 C: Hints: Type-12, সূত্রাবলি	30 B: Hints: Type-12
31 B: Hints: Type-12	32 C: Hints: Type-12
33 B: Hints: Type-12	



এক-এক ফাংশন

বহু-এক ফাংশন

এক-এক ফাংশন নির্ণয়: ডোমেন উল্লেখ না থাকলে প্রদত্ত ফাংশনে $x_1, x_2 \in D_f$ এর জন্য $f(x_1) = f(x_2)$ হলে, যদি $x_1 = x_2$ হয়, অথবা অন্যভাবে $x_1 \neq x_2$ হলে, যদি $f(x_1) \neq f(x_2)$ হয়, তবে ফাংশনটি এক-এক ফাংশন।

Note : ত্রিকোণমিতিক ফাংশনে ডোমেন নির্দিষ্ট না থাকলে কখনও এক-এক ফাংশন হবে না।

02. সার্বিক ফাংশন (Onto): $f : A \rightarrow B$ দ্বারা সূচিত ফাংশনকে সার্বিক ফাংশন বলা হয়, যদি B সেটের প্রত্যেক উপাদান A সেটের বিধ হয়। অর্থাৎ ফাংশনের রেঞ্জ হিসাবে B সেটের সকল উপাদান যদি ব্যবহৃত হয়, তবে ফাংশনটিকে সার্বিক ফাংশন বলা হয়।

এক্ষেত্রে, $f : A \rightarrow B$ কে পড়া হয় "f is a function A onto B" অথবা "f maps A onto B"


উদাহরণ: $A = \{1, 2, 3\}$, $B = \{2, 5, 10\}$ এবং $f : A \rightarrow B$; $f(x) = x^2 + 1$ ফাংশনটি সার্বিক। কেননা B সেটের সকল উপাদান A সেটের কোন না কোন উপাদানের বিধ।




সার্বিক ফাংশন

সার্বিক ফাংশন নয়

03. এক-এক প্রতিসঙ্গ ফাংশন বা বাইজেক্টিভ (One to One correspondence): $f : A \rightarrow B$ ফাংশনটি এক-এক প্রতিসঙ্গ ফাংশন বলা হয় যদি এটি এক-এক এবং সার্বিক (Onto) ফাংশন হয়। একে অনেক সময় Bijection mapping ও বলা হয়ে থাকে।




একটি এক-এক প্রতিসঙ্গ ফাংশন



এক-এক প্রতিসঙ্গ ফাংশন নয়।


04. ধ্রুবক ফাংশন (Constant function): $f : A \rightarrow B$ ফাংশনকে ধ্রুবক ফাংশন বলা হয় যদি A সেটের সকল উপাদানের বিধ একই হয় যা B সেটে বিদ্যমান।



বিকল্প সংজ্ঞা: যদি একটি ফাংশন f এর রেঞ্জ কেবলমাত্র একটি সদস্য হয়, তবে সেই ফাংশনকে ধ্রুবক ফাংশন বলে।

05. অভেদ ফাংশন (Identity function): $f : A \rightarrow A$ দ্বারা সূচিত ফাংশনকে অভেদ ফাংশন বলা হয় যদি A সেটের প্রত্যেক উপাদানের বিধ ঐ উপাদান নিজেই হয়। যেমন- $A = \{1, 2, 3\}$ এবং $f : A \rightarrow A$; $f(x) = x$, $x \in A$ একটি অভেদ ফাংশন কেননা $f(1) = 1$, $f(2) = 2$, $f(3) = 3$ অর্থাৎ প্রত্যেক উপাদানের প্রতিবিধ উপাদানটা নিজেই। অভেদ ফাংশন সর্বদা (Onto) ফাংশন।

06. সংযোজিত ফাংশন (Composite function): A সেট হতে B সেটে বর্ণিত f একটি ফাংশন এবং B সেট হতে C সেটে বর্ণিত g একটি ফাংশন, অর্থাৎ



ধরি, $a \in A$ সুতরাং এর বিধ $f(a)$ । অতএব $f(a) \in B$ আবার $f(a)$ হল g ফাংশনটির ডোমেন। সুতরাং এর বিধ $g(f(a))$, অতএব $g(f(a)) \in C$ এভাবে A সেটের a ব্যতীত অন্য উপাদান নিয়েও দেখানো যায় যে তা C সেটের যে কোন অনন্য (Unique) উপাদানের সাথে সংশ্লিষ্ট। অর্থাৎ A সেট থেকে C সেটে বর্ণিত একটি ফাংশন এবং এই নতুন ফাংশনটিকে f এবং g এর গুণফল ফাংশন বা সংযোজিত ফাংশন বলে এবং একে $(g \circ f)$ দ্বারা সূচিত করা হয় $g \circ f$ কে g সংযুক্তি f পড়া হয়।

07. বিপরীত ফাংশন (Inverse function): যদি $f : A \rightarrow B$ একটি এক-এক এবং সার্বিক ফাংশন হয়, তবে $f^{-1} : B \rightarrow A$ দ্বারা সূচিত ফাংশনকে বিপরীত ফাংশন বলা হয়। এবং সর্বদাই $f(f^{-1}(x)) = x$ হয়।

বিপরীত ফাংশনের ডোমেন = প্রদত্ত ফাংশনের রেঞ্জ এবং বিপরীত ফাংশনের রেঞ্জ = প্রদত্ত ফাংশনের ডোমেন।

08. সীমাবদ্ধ ফাংশন (Bounded Function): যদি $f(x)$ ফাংশনকে $[a, b]$ ব্যবধিতে সংজ্ঞায়িত করা হয় এবং দুইটি বাস্তব সংখ্যা t ও T পাওয়া যায়; যেখানে $[a, b]$ ব্যবধির x এর সকল মানের জন্য $t \leq f(x) \leq T$ হয়, তবে $f(x)$ কে সীমাবদ্ধ ফাংশন বলে।

এখানে, t কে $f(x)$ ফাংশনের নিম্নসীমা ও T কে $f(x)$ ফাংশনের উর্ধ্বসীমা বলা হয়।

09. যুগ্ম ফাংশন (Even Function): $f(-x) = f(x)$ হলে, তাকে যুগ্ম বা জোড় ফাংশন বলে। যেমন- $f(x) = \cos x$ একটি যুগ্ম ফাংশন।

10. অযুগ্ম ফাংশন (Odd Function): $f(-x) = -f(x)$ হলে, তাকে অযুগ্ম বা বিজোড় ফাংশন বলে। যেমন- $f(x) = x + \sin x$ একটি অযুগ্ম ফাংশন।


11. পর্যায়ী বা পর্যাবৃত্ত ফাংশন (Periodic function): যে ফাংশনের মান চলকের একটি নির্দিষ্ট মান পরপর পুনরাবৃত্তি হয় তাকে পর্যায়ী বা পর্যাবৃত্ত ফাংশন বলে এবং চলকের ঐ মানটিকে ফাংশনের পর্যায়কাল বা মৌলিক পর্যায় বলে। যেমন- সমস্ত ত্রিকোণমিতিক ফাংশনই পর্যায়ী ফাংশন ($\sin x$, $\cos x$, $\tan x$, $\cot x$, $\operatorname{cosec} x$, $\operatorname{sec} x$)

12. ব্যক্ত ফাংশন (Explicit function): যে সকল ফাংশনকে $y = f(x)$ বা $x = f(y)$ আকারে প্রকাশ করা যায় তাদেরকে ব্যক্ত ফাংশন বলে। যেমন- $ax^2 + by + c = 0$ ও $ay^3 + by^2 + cx + d = 0$ ব্যক্ত ফাংশন।

13. অব্যক্ত ফাংশন (Implicit function): যে সকল ফাংশনকে $y = f(x)$ বা $x = f(y)$ আকারে প্রকাশ করা যায় না তাদেরকে অব্যক্ত ফাংশন বলে। যেমন- $x^2 y^2 + 5xy - 2y^3 = 0$ ও $x + y = \tan(x - y)$ অব্যক্ত ফাংশন।


একটি মজার বিষয়ের মাধ্যমে ফাংশন: কোন একটি অস্থয় ফাংশন কি না কিংবা ফাংশন হলে, কেমন ফাংশন (এক-এক/বহু-এক সার্বিক/অসার্বিক ইত্যাদি) তা ম্যাপিং দেখে সহজে মনে রাখার নিয়ম :

ডোমেনকে সম্ভাবনদের সেট এবং কো-ডোমেনকে মায়েদের সেট মনে করি। এবার বাস্তবে যা ঘটতে পারে তা ফাংশন এবং বাস্তবে যা ঘটতে পারে না তা ফাংশন নয়।





একজন সন্তানের একটি মাত্র মা থাকবে, এটাই স্বাভাবিক। তাই এটি একটি ফাংশন এবং এক এক।

একজন সন্তানের দুটি মা থাকবে, এটা স্বাভাবিক নয়। তাই এটি একটি ফাংশন নয়।




দু'জন সন্তানের একটি মা থাকতে পারে, এটা স্বাভাবিক। তাই এটি একটি ফাংশন। কিন্তু বহু সন্তান বিশিষ্ট মা থাকার কারণে উহা বহু-এক ফাংশন, এক-এক নয়।




মা ছাড়া সন্তান থাকতে পারে, এটা স্বাভাবিক নয়, তাই এটি একটি ফাংশন নয়, অস্বাভাবিক। মানে রাখবে, ডোমেনে অতিরিক্ত উপাদান থাকলে ফাংশন হয় না। এখানে b ডোমেনের অতিরিক্ত উপাদান।

মা আছেন সন্তান নেই এটা স্বাভাবিক। তাই এটি একটি ফাংশন তবে নিম্নসন্তান মা থাকায় উহা সর্বির্ক হবে না, অসর্বির্ক।

সূচক ফাংশনের লেখচিত্র ও বৈশিষ্ট্য:
 $y = e^x$ এর লেখচিত্র:



- (i) সম্পূর্ণ স্কেচটি x- অক্ষের উপরিভাগে অবস্থিত।
- (ii) স্কেচটি x- অক্ষের ধনাত্মক ও ঋণাত্মক উভয়দিকে অসীম পর্যন্ত বিস্তৃত।
- (iii) যেহেতু $y \rightarrow 0$, যখন $x \rightarrow -\infty$, সুতরাং স্কেচটি x- অক্ষকে ছেদ করবে না।
- (i) সূচক ফাংশন হলো এক-এক ফাংশন।
- (ii) সম্ভাব্য বিভিন্ন সূচক ফাংশনের চিত্র একত্রে নিম্নে দেওয়া হল:



14. ব্র্যাকেট সংক্রান্ত তথ্য:

- $[1, 6) = 1 \leq x < 6$
- $(1, 6] = 1 < x \leq 6$
- $[1, 6) = 1 \leq x < 6$
- $[1, 6] = 1 \leq x \leq 6$

{1, 2, 3, 4, 5, 6} মানে শুধু 1, 2, 3, 4, 5, 6 বিন্দুগুলোকে বোঝায়।
< → টিকে (), ≤ / ≥ → টিকে [] দ্বারা দেখানো হয়।
∅ থাকলে () ফাল্ট ব্র্যাকেট বসে।
[] থাকলে সব কিছু বসবে।


সর্বদা প্রয়োজনীয় ফাংশনের স্কেচ

□ দ্বিঘাত ফাংশন (Quadratic Function):

$f(x) = ax^2 + bx + c$ আকারের ফাংশনকে দ্বিঘাত ফাংশন বলে। $f(x) = y$, ধরলে, $y = ax^2 + bx + c$, যা একটি পরাবৃত্ত নির্দেশ করে।

→ দ্বিঘাত ফাংশনের স্কেচ বৈশিষ্ট্য:

$f(x) = x^2 + 1$



- (i) স্কেচটি একটি পরাবৃত্ত নির্দেশ করে যার অক্ষ y- অক্ষের সমান্তরাল।
- (ii) স্কেচটি x- অক্ষকে দুইটি বিন্দুতে এবং y- অক্ষকে একটি বিন্দুতে ছেদ করে।
- (iii) স্কেচটি x- অক্ষের নিচের দিকে ৩য় ও ৪র্থ চতুর্ভাগে অসীম পর্যন্ত বিস্তৃত।


1. $y = 1 - x^2$ ফাংশনটির লেখচিত্র হবে উপরিউক্ত ফাংশনটির mirror image (প্রতিফলিত চিত্র)

2. $y^2 = 4ax$ পরাবৃত্ত ফাংশন হবে না। কারণ পরাবৃত্তটির লেখচিত্রে y- অক্ষের সমান্তরাল রেখা টানলে তা লেখচিত্রের দুইটি বিন্দুতে ছেদ করে।

সূচক ফাংশন (Exponential Function): $a \in (0, \infty) - \{1\}$ হলে $f(x) = a^x$ কে সূচক ফাংশন বলে। $y = f(x) = a^x$ বা, $x = \log_a y$ এই ফাংশনের ডোমেন, $D_f = \mathbb{R}$ এবং রেঞ্জ, $R_f = (0, \infty)$

□ লগারিদমিক ফাংশন (Logarithmic Function): $a \in (0, \infty) - \{1\}$ হলে $f(x) = \log_a x$ কে ভিত্তি a এর সাপেক্ষে লগারিদমিক ফাংশন বলে। $f(x)$ এর ডোমেন $D_f = (0, \infty)$ এবং রেঞ্জ $R_f = \mathbb{R}$

লগারিদমিক ফাংশনের স্কেচ ও বৈশিষ্ট্য:
মনে করি, $y = \ln x$




- (i) কেবল $x > 0$ হলেই $\ln x$ সংজ্ঞায়িত। সুতরাং স্কেচের সব অংশই y- অক্ষের ডানদিকে থাকবে।
- (ii) x এর মান যতই ক্ষুদ্র হবে স্কেচটি ততই y- অক্ষের ঋণাত্মক দিকে অগ্রসর হবে। কিন্তু কখনই y- অক্ষকে ছেদ করবে না।

□ পরম মান ফাংশন (Absolute value function):

$f(x) = |x| = \begin{cases} x, & \text{যখন } x \geq 0 \\ -x, & \text{যখন } x \leq 0 \end{cases}$

কে পরম মান ফাংশন বলে। এক্ষেত্রে $f(x)$ এর ডোমেন $D_f = \mathbb{R}$ এবং রেঞ্জ, $R_f = [0, \infty)$

▶ পরম মান ফাংশনের স্কেচ:
মনেকরি, $y = |x - 2|$



- ❑ ত্রিকোণমিতিক ফাংশন: ত্রিকোণমিতিক ফাংশন সম্পর্কে ৬ষ্ঠ অধ্যায় বিস্তারিত আলোচনা করা হয়েছে।
- ❑ বিপরীত ত্রিকোণমিতিক ফাংশন (Inverse Trigonometric Function):

<p>$f(x) = \sin^{-1}x$ $D_f = [-1, 1]; R_f = [-\frac{\pi}{2}, \frac{\pi}{2}]$</p>	<p>$f(x) = \cos^{-1}x$ $D_f = [-1, 1]; R_f = [0, \pi]$</p>
<p>$f(x) = \tan^{-1}x$ $D_f = \mathbb{R}; R_f = (-\frac{\pi}{2}, \frac{\pi}{2})$</p>	<p>$f(x) = \operatorname{cosec}^{-1}x$ $D_f = \mathbb{R} - (-1, 1); R_f = [-\frac{\pi}{2}, \frac{\pi}{2}] - \{0\}$</p>
<p>$f(x) = \sec^{-1}x$ $D_f = \mathbb{R} - (-1, 1)$ $R_f = [0, \pi] - \{\frac{\pi}{2}\}$</p>	<p>$f(x) = \cot^{-1}x$ $D_f = \mathbb{R}; R_f = (0, \pi)$</p>

❑ ফাংশন ও রূপান্তরিত ফাংশনের লেখচিত্র:

$y = f(x)$ ফাংশনের লেখচিত্র জানা থাকলে নিম্নলিখিত ছকের কৌশল অনুযায়ী খুব সহজেই উক্ত ফাংশনটির রূপান্তরিত ফাংশন সমূহের লেখচিত্র অংকন সম্ভব।

মূল ফাংশন $y = f(x)$	$f(x)$ এর সাথে ধনাত্মক ধ্রুবক c যোগ	$f(x)$ থেকে ধনাত্মক ধ্রুবক c বিয়োগ	$f(x)$ এর স্বাধীন চলক x এর সাথে ধনাত্মক ধ্রুবক c যোগ	$f(x)$ এর স্বাধীন চলক x থেকে ধনাত্মক ধ্রুবক c বিয়োগ
নতুন ফাংশন	$y = f(x) + c$	$y = f(x) - c$	$y = f(x + c)$	$y = f(x - c)$

জ্যামিতিক প্রভাব	$y = f(x)$ এর লেখচিত্র c একক উপরে উঠে যায়।	$y = f(x)$ এর লেখচিত্র c একক নিচে নেমে যায়।	$y = f(x)$ এর লেখচিত্র c একক বামে সরে যায়।	$y = f(x)$ এর লেখচিত্র c একক ডানে সরে যায়।
উদাহরণ				
	মূল ফাংশন $y = x^2$ রূপান্তরিত ফাংশন $y = x^2 + 1$	মূল ফাংশন $y = x^2$ রূপান্তরিত ফাংশন $y = x^2 - 1$	মূল ফাংশন $y = x^2$ রূপান্তরিত ফাংশন $y = (x+1)^2$	মূল ফাংশন $y = x^2$ রূপান্তরিত ফাংশন $y = (x-1)^2$

❑ ফাংশন ও রূপান্তরিত ফাংশনের জন্য কিছু গুরুত্বপূর্ণ তথ্য:

$y = f(x) + c$	• $c > 0$; লেখচিত্র y - অক্ষ বরাবর বা সমান্তরাল উপরের দিকে c একক সরে যায়। • $c < 0$; লেখচিত্র y - অক্ষ বরাবর বা সমান্তরাল নিচের দিকে c একক সরে যায়।
$y = f(x + c)$	• $c > 0$; লেখচিত্র x - অক্ষ বরাবর বা সমান্তরাল বামে c একক সরে যায়। • $c < 0$; লেখচিত্র x - অক্ষ বরাবর বা সমান্তরাল ডানে c একক সরে যায়।
$y = c \cdot f(x)$	• $c > 0$; লেখচিত্র y - অক্ষ বরাবর প্রসারিত হয়। • $0 < c < 1$; লেখচিত্র y - অক্ষ বরাবর সংকুচিত হয়।
$y = f(cx)$	• $c > 1$; লেখচিত্র x - অক্ষ বরাবর সংকুচিত হয়। • $0 < c < 1$; লেখচিত্র x - অক্ষ বরাবর প্রসারিত হয়।
$y = -f(x)$	• লেখচিত্র x - অক্ষের সাপেক্ষে প্রতিফলিত হয়।
$y = f(-x)$	• লেখচিত্র y - অক্ষের সাপেক্ষে প্রতিফলিত হয়।

❑ মনে রাখতে হবে:

ফাংশন/ফাংশন নয়	চিত্র
(i) $x^2 + y^2 = 1$, ফাংশন নয়।	
(ii) $x^2 + y^2 = 1, [x \leq 0]$ ফাংশন নয়।	
(iii) $x^2 + y^2 = 1, [x \geq 0]$ ফাংশন নয়।	
(iv) $x^2 + y^2 = 1, [y \leq 0]$ ফাংশন নয়।	
(v) $x^2 + y^2 = 1, [y \geq 0]$ ফাংশন নয়।	
(vi) $x^2 = 4ay$, ফাংশন।	
(vii) $y^2 = 4ax$, ফাংশন নয়।	
(viii) $\frac{x^2}{a^2} + \frac{y^2}{b^2} = 1$, ফাংশন নয়।	

Technique Part

❑ ডোমেন ও রেঞ্জ নির্ণয় (Short Technic):

Technic-01 $f(x) = ax + b$ আকৃতির ফাংশনের ক্ষেত্রে
 $D_f = \mathbb{R}$ এবং $R_f = \mathbb{R}$

Technic-02 $f(x) = \frac{a}{bx + c}$ আকৃতির ফাংশনের ক্ষেত্রে
 $D_f = \mathbb{R} - \{-\frac{c}{b}\}$ এবং $R_f = \mathbb{R} - \{0\}$

Technic-03 $f(x) = \frac{ax}{bx+c}$ আকৃতির ফাংশনের ক্ষেত্রে

$$D_f = R - \left\{-\frac{c}{b}\right\} \text{ এবং } R_f = R - \left\{\frac{a}{b}\right\}$$

Technic-04 $f(x) = \frac{ax+b}{cx+d}$ আকৃতির ফাংশনের ক্ষেত্রে

$$D_f = R - \left\{-\frac{d}{c}\right\} \text{ এবং } R_f = R - \left\{\frac{a}{c}\right\}$$

Technic-05 $f(x) = \frac{x^2-a^2}{x-a}$ আকৃতির ফাংশনের ক্ষেত্রে

$$D_f = R - \{a\} \text{ এবং } R_f = R - \{2a\}$$

Technic-06 $f(x) = \frac{x^2-a^2}{x+a}$ আকৃতির ফাংশনের ক্ষেত্রে

$$D_f = R - \{-a\} \text{ এবং } R_f = R - \{-2a\}$$

Technic-07 লব দ্বিঘাত এবং হর একঘাত এরূপ ভগ্নাংশের ক্ষেত্রে:

$$f(x) = \frac{ax^2+b}{cx+d} \text{ ফাংশনের}$$

ডোমেন = $R - \{x \text{ এর যে মানের জন্য হর শূন্য হয় সেই মান}\}$

$$\therefore \text{ডোমেন, } D_f = R - \left\{-\frac{d}{c}\right\} \text{ এবং}$$

রেঞ্জ = $R - \{x \text{ এর যে মানের জন্য হর শূন্য হয় সেই মানকে দ্বিগুণ করতে হবে}\}$

$$\therefore \text{রেঞ্জ, } R_f = R - \left\{-\frac{2d}{c}\right\}$$

Technic-08 $f(x) = \sqrt{x^2-a^2}$ আকৃতির ফাংশনের ক্ষেত্রে ডোমেন $x \leq -a$ or $x \geq a$ এবং $R_f = [0, \infty)$

Technic-09 $f(x) = \sqrt{a^2-x^2}$ আকৃতির ফাংশনের ক্ষেত্রে ডোমেন $-a \leq x \leq a$ বা $|x| \leq a$ এবং $R_f = [0, a]$

Technic-10 $f(x) = \log(a+bx)$ আকৃতির ফাংশনের ক্ষেত্রে \log এর ভেতরের রাশিটি শূন্য অপেক্ষা বড় হবে।

$$\therefore \text{ডোমেন, } D_f = x > -\frac{a}{b} \text{ বা } \left(-\frac{a}{b}, \infty\right) \text{ এবং রেঞ্জ } R_f = \mathbb{R}$$

Technic-11 $f(x) = e^x$ আকৃতির ফাংশনের ক্ষেত্রে

$$D_f = R \text{ এবং } R_f = (0, \infty)$$

Technic-12 $f(x) = \frac{x^n-a^n}{x-a}$ আকৃতির ফাংশনের ক্ষেত্রে

$$D_f = R - \{a\}, R_f = \{na^{n-1}\}$$

ফাংশনের সমতা (Equality of function): যদি f এবং g দুইটি ফাংশন এমন হয় যে $D_f = D_g = D$ এবং $f(a) = g(a)$, যখন $a \in D$; তখন f এবং g কে সমান ফাংশন বলা হয়।

গাণিতিকভাবে: $f = g \Rightarrow D_f = D_g$ এবং $f(x) = g(x)$ প্রত্যেক $x \in D_f = D_g$

বিপরীত ফাংশন নির্ণয়:

Technic-01 x এর পরিবর্তে $f^{-1}(x)$ বসিয়ে $f^{-1}(x)$ নির্ণয় করা যায়।

Technic-02 $f(x) = ax + b$ হলে, $f^{-1}(x) = \frac{x-b}{a}$

Technic-03 $f(x) = \frac{a}{bx+c}$ হলে, $f^{-1}(x) = \frac{a-cx}{bx}$

Technic-04 $f(x) = \frac{ax}{bx+c}$ হলে, $f^{-1}(x) = \frac{cx}{a-bx}$

Technic-05 $f(x) = \frac{ax+b}{cx+d}$ হলে, $f^{-1}(x) = \frac{-dx+b}{cx-a}$

Technic-06 $f(x) = \frac{ax^n+b}{cx^n+d}$ হলে, $f^{-1}(x) = \sqrt[n]{\frac{-dx+b}{cx-a}}$

Special Technic $y = f(x) = \frac{ax+b}{cx-a}$ হলে,

(i) $f^{-1}(x) = f(x)$

(ii) $f(y) = x$ হয়।

এ অধ্যায়ের গাণিতিক সমস্যাসমূহকে নিম্নোক্ত Type এ অন্তর্ভুক্ত করা যায়

Type-01: ফাংশনের ডোমেন এবং রেঞ্জ সংক্রান্ত

Prob 01 যদি $f : A \rightarrow B$ এবং $A = \{1, 3, 5\}$ হয়, তবে $f(x) = x^2$ এর ডোমেন কত?

Sol: যেহেতু $f : A \rightarrow B \therefore D_f = A = \{1, 3, 5\}$ (Ans.)

Prob 02 $f(x) = 5x + 6$ হলে, ফাংশনটির ডোমেন কত?

Sol: $D_f = R$ [$\because x$ এর সকল মান প্রযোজ্য]

Prob 03 $f(x) = \frac{2x+3}{x+2}$ হলে, ডোমেন কত?

Sol: ডোমেন = $R - \{x \text{ এর যে মানের জন্য হর শূন্য হয়}\} = R - \{-2\}$ (Ans.)

Prob 04 $f(x) = \sqrt{4x+5}$ হলে, ডোমেন কত?

Sol: $4x+5 \geq 0 \Rightarrow x \geq -\frac{5}{4} \therefore \text{ডোমেন} = \{x : x \geq -\frac{5}{4}\}$

Prob 05 $f(x) = \sqrt{a^2-x^2}$ হলে, ডোমেন কত?

Sol: $D_f : -a \leq x \leq a$

[Technique-09]

Prob 06 $f : R \rightarrow R$ এবং $f(x) = \begin{cases} 3x-1, & x > 3 \\ x^2-2, & -2 \leq x \leq 3 \end{cases}$ হলে, $f(2) = ?$

Sol: যেহেতু $2 < 3$

$$\therefore f(x) = x^2 - 2 \Rightarrow f(2) = 2^2 - 2 = 4 - 2 = 2 \text{ (Ans.)}$$

Prob 07 $f(x) = 5x - 7$ ফাংশনের রেঞ্জ কত?

Sol: $R_f = R$

[Technique-01]

Prob 08 $f(x) = \frac{x-1}{3x-2}$ ফাংশনের রেঞ্জ কত?

Sol: $R_f = R - \left\{\frac{\text{লবের } x \text{ এর সহগ}}{\text{হরের } x \text{ এর সহগ}}\right\} = R - \left\{\frac{1}{3}\right\}$

[Technique-04]

Prob 09 $f(x) = \sqrt{x^2-25}$ এর রেঞ্জ কত?

Sol: যে কোন বর্গমূলযুক্ত ফাংশনের ক্ষেত্রে রেঞ্জ = $[0, \infty)$ তবে $f(x) = \sqrt{\text{ঋণক} - x^2}$ ফাংশন ব্যতিত।

$$\therefore \text{প্রদত্ত ফাংশনের জন্য } R_f = [0, \infty)$$

[Technique-08]

Prob 10 $f(x) = \frac{x^2+9}{x-5}$ এর রেঞ্জ কত?

Sol: $R_f = R - \{x \text{ এর যে মানের জন্য হর শূন্য হয় তার দ্বিগুণ}\}$

$$\therefore R_f = R - \{2 \times 5\} = R - \{10\}$$

[Technique-07]

Prob 11 $f(x) = \sqrt{4-x^2}$ এর রেঞ্জ কত?

Sol: $f(x) = \sqrt{4-x^2}$ ফাংশনের রেঞ্জ $[0, \sqrt{4}]$

∴ প্রাপ্ত ফাংশনের রেঞ্জ $= [0, \sqrt{4}] = [0, 2]$ [Technique-09]

Function এর মানে সম্পর্কিত। সরাসরি $f(x)$ আকারে লেখা নয় একে ফাংশনের f (মান) নির্ণয় সংক্রান্ত Technique x এর পরিবর্তে এমন মান বসাতে হবে, যে মানের জন্য $f(x)$ বের হয়। অতএব (মান) বের করতে হবে। অথবা f (মান) নির্ণয়ের ক্ষেত্রে x এর মান বসাতে হবে। যে মানের জন্য প্রাপ্ত মান (যা নির্ণয় করতে বলা হয়েছে) পাওয়া যাবে।

Prob 12 (i) $f(x-3) = \frac{2x+5}{4x-1}$ হলে $f(x)$, $f(5)$ এবং $f(0)$ নির্ণয় কর।

Sol: $f(x)$ এর জন্য x এর পরিবর্তে $x+3$ বসালে পাই

$$f(x+3-3) = \frac{2(x+3)+5}{4(x+3)-1} \Rightarrow f(x) = \frac{2x+11}{4x+11}$$

এখানে $x=5$ এবং $x=0$ বসালে, $f(5)$ এবং $f(0)$ পাওয়া যাবে।

আমাদের মূল ফাংশনে $x=8$ এবং $x=3$ বসালেও $f(5)$ ও $f(0)$ পাওয়া যাবে।

(ii) $f\left(\frac{1}{x-2}\right) = \frac{3x+8}{7x-4}$ হলে $f(-5)$ নির্ণয় কর।

Sol: $\frac{1}{x-2} = -5 \Rightarrow x-2 = -\frac{1}{5} \Rightarrow x = \frac{9}{5}$

$$\therefore f(-5) = \frac{3 \cdot \frac{9}{5} + 8}{7 \cdot \frac{9}{5} - 4} = \frac{67}{43}$$

(iii) $f(x^3-3) = x-2$ হলে, $f(x)$ এবং $f(5)$ নির্ণয় কর।

Sol: x এর পরিবর্তে $\sqrt[3]{x}$ বসাই।

$$f\left(\left(\sqrt[3]{x}\right)^3-3\right) = \sqrt[3]{x}-2 \Rightarrow f(x-3) = \sqrt[3]{x}-2$$

এখন x এর পরিবর্তে $x+3$ বসাই

$$f(x+3-3) = \sqrt[3]{x+3}-2 \Rightarrow f(x) = \sqrt[3]{x+3}-2$$

$$\therefore f(5) = \sqrt[3]{5+3}-2 = \sqrt[3]{8}-2 = 2-2 = 0$$

Type-02: এক-এক ফাংশন ও সার্বিক ফাংশন সংক্রান্ত

কোন ফাংশনকে সার্বিক বলা হবে, যদি ফাংশনটি এক-এক হয় এবং ফাংশনের রেঞ্জ = কো-ডোমেন হয়।

Prob 01 $f: R \rightarrow R$ ফাংশনটি $f(x) = 2x+1$ দ্বারা সংজ্ঞায়িত হলে, দেখাও যে, এটি এক-এক ও সার্বিক।

Sol: এক-এক কিনা তা যাচাই:

ধরি, $x_1, x_2 \in R; f(x_1) = f(x_2)$ হলে, $2x_1+1 = 2x_2+1$

$\Rightarrow x_1 = x_2$ ∴ এটি এক-এক ফাংশন।

সার্বিক কিনা তা যাচাই:

ফাংশনটির রেঞ্জ = R ∴ কো-ডোমেন = রেঞ্জ ∴ ফাংশনটি সার্বিক।

Prob 02 $f: R \rightarrow R$ ফাংশনটি $f(x) = x^3$ দ্বারা সংজ্ঞায়িত হলে, এটি এক-এক ও সার্বিক ফাংশন কিনা যাচাই কর।

Sol: এক-এক কিনা তা যাচাই:

ধরি, $x_1, x_2 \in R; f(x_1) = f(x_2)$ হলে, $x_1^3 = x_2^3$

$\Rightarrow x_1 = x_2$ ∴ এটি এক-এক ফাংশন।

সার্বিক কিনা তা যাচাই:

রেঞ্জ = R , কো-ডোমেন = R ∴ রেঞ্জ = কো-ডোমেন ∴ ফাংশনটি সার্বিক।

Prob 03 $y = \frac{x-1}{2x-3}$ ফাংশনটির $R = \left\{ \frac{3}{2} \right\}$ থেকে R থেকে এক-এক ও

সার্বিক কিনা যাচাই কর।

Sol: এক-এক কিনা তা যাচাই:

ধরি, $x_1, x_2 \in R$ এবং $f(x_1) = f(x_2)$

এখন, $f(x_1) = f(x_2)$ হলে, $\frac{x_1-1}{2x_1-3} = \frac{x_2-1}{2x_2-3}$

$\Rightarrow x_1 = x_2$ (সরল করে) ∴ এটি এক-এক ফাংশন।

সার্বিক কিনা তা যাচাই:

রেঞ্জ = $R - \left\{ \frac{1}{2} \right\}$, কিং কো-ডোমেন = R

∴ রেঞ্জ \neq কো-ডোমেন ∴ ফাংশনটি সার্বিক নয়।

Type-03: বিপরীত ফাংশন ও এর মান নির্ণয় সংক্রান্ত

Technic-01: f^{-1} (মান) নির্ণয়ের ক্ষেত্রে $f(x) =$ মূল ফাংশন এবং x এর মানটি f^{-1} (মান) এর Ans এবং x এর কোন কারণে মূল ফাংশন f এর Ans ফাংশনটি।

Technic-02: $f(x) = 2x+c$ হলে, $f^{-1}(x) = \frac{x-c}{2}$

Technic-03: $f(x) = \frac{ax+b}{cx+d}$ হলে, $f^{-1}(x) = \frac{dx+b}{cx-a}$

Technic-04: $f(x) = \frac{a}{bx-c}$ হলে, $f^{-1}(x) = \frac{a+cx}{bx}$

Prob 01 $f: R \rightarrow R, f(x) = 2x-3$ হলে, $f^{-1}(x) = ?$

Sol: প্রদত্ত ফাংশনের জন্য $f^{-1}(x) = \frac{x-(-3)}{2} = \frac{x+3}{2}$ [Using Technic-02]

Prob 02 $f(x) = \frac{x-2}{x-3}$ হলে, $f^{-1}(x) = ?$

Sol: প্রদত্ত ফাংশনের জন্য $f^{-1}(x) = \frac{2x-2}{x-1}$ [Using Technic-03] Ans.

Prob 03 $f(x) = \frac{3}{2x-5}$ এর বিপরীত ফাংশন কত?

Sol: প্রদত্ত ফাংশনের জন্য $f^{-1}(x) = \frac{3+5x}{2x}$ [Using Technic-04] Ans.

Prob 04 $f(x) = 7x-11$ হলে, $f^{-1}(3)$ এর মান কত?

Sol: $f(x) = 3 \Rightarrow 7x-11 = 3 \Rightarrow x = 2$ Ans.

Prob 05 $f(x) = x^2-x-1$ হলে, $f^{-1}(5)$ এর মান কত?

Sol: $f(x) = 5 \Rightarrow x^2-x-1 = 5 \Rightarrow x = -2, 3$ Ans.

Prob 06 $f: R \rightarrow R$ কে, $f(x) = x^2+1$ দ্বারা সংজ্ঞায়িত করা হলে, $f^{-1}([5, 37]), f^{-1}(-5)$ নির্ণয় কর।

Sol: $f^{-1}(5)$ এর ক্ষেত্রে $x^2+1 = 5 \Rightarrow x = \pm 2$ ∴ $f^{-1}(5) = \{-2, 2\}$ Ans.

$f^{-1}([5, 37])$ এর ক্ষেত্রে $x^2+1 = 5 \Rightarrow x = \pm 2$

$x^2+1 = 37 \Rightarrow x = \pm 6$

∴ $f^{-1}([5, 37]) = \{x \in R, 2 \leq x \leq 6 \text{ অথবা } -6 \leq x \leq -2\}$ Ans.

$f^{-1}(-5)$ এর ক্ষেত্রে $x^2+1 = -5 \Rightarrow x^2 = -6$ ∴ $f^{-1}(-5) = \emptyset$ Ans.

Prob 04 পরমমান ফাংশন: $f(x) = |5 - x|$ এর লেখচিত্র কি হবে?

Sol : $f(x) = |5 - x|$ দ্বারা বোঝানো হয় যে, x এর মান যাই হোক না কেন $f(x)$


বা $5 - x$ সর্বদাই ধনাত্মক।

সুতরাং $f(x) = |5 - x|$, যখন $x < 5$, $f(x) = -(5 - x)$, যখন $x > 5$ এবং $f(x) = 0$, যখন $x = 5$.

সমকোণে পরস্পরছেদী দুইটি সরলরেখা XOX' ও YOY' কে যথাক্রমে x -অক্ষ মনে করে $f(x) = |5 - x|$, সমীকরণ হতে x এর কয়েকটি ভিন্ন ভিন্ন বাস্তব মানের জন্য $f(x)$ এর ভিন্ন ভিন্ন মান নির্ণয় করা হল। প্রদত্ত ফাংশন হতে প্রাপ্ত সকল $(x, f(x))$ বিন্দুকে আনুমানিক স্কেলে অঙ্কন সাপেক্ষে ছাপন করে সংযোজন করলে নির্ণয় স্কেচ পাওয়া যাবে।

x	-3	0	5	7	10
y	8	5	0	2	5


স্কেচ দুইটি সরলরেখা হবে যারা সর্বদাই x -অক্ষের উপরে থাকবে এবং দুই দিকে x -অক্ষের সঙ্গে সমান কোণে আনত হবে।



ফাংশনের স্কেচের বৈশিষ্ট্য: স্কেচটি অবিচ্ছিন্ন এবং এর দুইটি অংশ পরস্পর লম্ব এবং x -অক্ষের সাথে সমান পরমমান বিশিষ্ট কোণ উৎপন্ন করে।

Prob 05 $y = \sin \frac{3}{2}x$ এর লেখচিত্র কি হবে?

Sol : লেখচিত্রটি হবে $\sin x$ এর লেখচিত্রের অনুরূপ এবং যে সমস্ত বিন্দুতে x -এর মান $\frac{2\pi}{3}$ এর গুণিতক সে সমস্ত বিন্দুতে লেখচিত্রটি x -অক্ষকে ছেদ করে।



x -অক্ষকে ছেদকৃত বিন্দুসমূহ হবে,

- (i) $y = \sin nx$ হলে, $\frac{\pi}{n}$ এর গুণিতক বিন্দু।
- (ii) $y = \cos nx$ হলে, $\frac{\pi}{2n}$ এর গুণিতক বিন্দু।
- (iii) $y = \tan nx$ হলে, $\frac{\pi}{n}$ এর গুণিতক বিন্দু।

ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার বিপণিত বহুবের প্রশ্নাবলি
[শর্ট টেকনিক ও ক্যালকুলেটরের সাহায্যে সমাধান]

01. $f: \mathbb{R} \rightarrow \mathbb{R}$ কে $f(x) = e^{x-3}$ দ্বারা সংজ্ঞায়িত করা হলে $f^{-1}(e)$ এর মান- [15-16]
A. 4 B. 3 C. 2 D. 0

Ans A Solve $y = e^{x-3} \Rightarrow x-3 = \ln y \Rightarrow x = \ln y + 3$
 $\Rightarrow f^{-1}(y) = \ln y + 3 \Rightarrow f^{-1}(e) = \ln e + 3$
 $\therefore f^{-1}(e) = \ln e + 3 = 1 + 3 = 4.$

02. $y = \frac{1}{\sqrt{4-x}}$ ফাংশনটির ডোমেইন এবং রেঞ্জ- [15-16]

A. $-\infty < x \leq 4; 0 \leq y < \infty$ B. $-\infty < x < 4; 0 < y < \infty$
C. $-\infty < x < 4; 0 \leq y < \infty$ D. $-\infty < x \leq 4; 0 < y < \infty$

Ans B Solve
 $y = \frac{1}{\sqrt{4-x}}$ সংজ্ঞায়িত হবে
যখন $4-x \neq 0$ হয়
 $\Rightarrow 4-x > 0$
 $\Rightarrow x-4 < 0$
 $\Rightarrow x < 4$
ডোমেইন $(-\infty, 4)$

$4-x = \frac{1}{y^2}$
 $x-4 = -\frac{1}{y^2} = -\frac{4y^2-1}{y^2}$
 $y \neq 0$
রেঞ্জ: $0 < y < \infty$

03. $f(x) = \log(x-1)$ ফাংশনটির ডোমেন (Domain)- [14-15]

A. (0,1) B. (0,∞) C. (1,∞) D. (-∞,0)

Ans C Solve $f(x) = \log(x-1)$
সংজ্ঞায়িত হয় যখন, $x-1 > 0 \Rightarrow x > 1 \therefore$ ডোমেন, $(1, \infty)$

04. যদি $f(x) = x^3 + 7$ হয় তবে, $f^{-1}(15) = ?$ [14-15]

A. 3 B. 2 C. -2 D. 15

Ans B Solve $f(x) = x^3 + 7$
 $\Rightarrow y = x^3 + 7$, ধরি $f(x) = y, x = f^{-1}(y) \Rightarrow x^3 = y - 7$
 $\Rightarrow x = \sqrt[3]{y-7} \Rightarrow f^{-1}(y) = \sqrt[3]{y-7}$
 $\Rightarrow f^{-1}(x) = \sqrt[3]{x-7}$
 $\therefore f^{-1}(15) = \sqrt[3]{15-7} = \sqrt[3]{8} = 2$

05. $f(x) = \frac{1}{\sqrt{4-x^2}}$ বাস্তব ফাংশনটির ডোমেন এবং রেঞ্জ- [14-15]

A. $x < -2, y > \frac{1}{2}$ B. $-2 < x < 2, y \geq \frac{1}{2}$
C. $-2 \leq x \leq 2, y < \frac{1}{2}$ D. $-x < -2 \& x > -2 < y < 2$

Ans B Solve $f(x) = \frac{1}{\sqrt{4-x^2}}$
ফাংশনটি সংজ্ঞায়িত হবে যখন, $4-x^2 > 0 \Rightarrow x^2-4 < 0$
 $\Rightarrow x^2 < 4 \Rightarrow |x| < 2 \Rightarrow -2 < x < 2 \therefore$ ডোমেন, $-2 < x < 2$
 $x = 0$ হলে, $y = f(x) = \frac{1}{2}$

$x = 0$ ব্যতীত যখন, $-2 < x < 2, y = f(x) > \frac{1}{2} \therefore$ রেঞ্জ $y \geq \frac{1}{2}$

06. যদি $f(x) = (x-2)(1-x)$ হয়, তবে $f(f(3))$ এর মান- [13-14]

A. 9 B. -12 C. 12 D. 8

Ans B Solve $f(3) = (3-2)(1-3) = 1(-2) = -2$
 $f(f(3)) = (-2-2)(1-(-2)) = -4(1+2) = -12$

০৭. $f(x) = \sqrt{x^2 - 5x + 6}$ ফাংশনের ডোমেন এবং রেঞ্জ যথাক্রমে- [13-14]

- A. $x \leq 2, 3 \leq x$ and $y \geq 0$ B. $2 \leq x \leq 3$ and $y \geq 0$
 C. $x \geq 3$ and $y > 0$ D. $x \leq 2, x \geq 3$ and $y > 0$

Ans A Solve $y = f(x) = \sqrt{x^2 - 5x + 6} = \sqrt{(x-3)(x-2)}$

so, $y \geq 0 \Rightarrow (x-3)(x-2) \geq 0$
 $(x-3) \geq 0 \Rightarrow x \geq 3$

And, $(x-2) \leq 0 \Rightarrow x \leq 2$. so domain, $x \leq 2, 3 \leq x$ & $y \geq 0$

০৮. $f(x) = 4 - (x-3)^2$ ফাংশনের ডোমেন এবং রেঞ্জ যথাক্রমে- [12-13]

- A. \mathbb{R} B. $\mathbb{R}, f(x) \leq 4$ C. $x \geq 4, \mathbb{R}$ D. $\mathbb{R}, x \geq 3$

Ans B Solve $f(x) = 4 - (x-3)^2$

ধরি, $y = 4 - (x-3)^2 \Rightarrow y = 4 - x^2 + 6x - 9$

$\Rightarrow x^2 - 6x + y + 5 = 0$

$\therefore x = \frac{6 \pm \sqrt{36 - 4(y+5)}}{2} = 3 \pm \sqrt{9 - y - 5} = 3 \pm \sqrt{4 - y}$

$\therefore f^{-1}(x) = 3 \pm \sqrt{4 - x}$ \therefore ডোমেন = \mathbb{R} ; রেঞ্জ, $f(x) \leq 4$

০৯. $f(x) = \frac{x-3}{2x+1}$ এবং $x \neq -\frac{1}{2}$ হলে, $f^{-1}(-2)$ এর মান- [08-09, 12-13]

- A. $\frac{5}{3}$ B. $-\frac{5}{3}$ C. $\frac{1}{5}$ D. $\frac{2}{5}$

Ans C Solve $f^{-1}(x) = \frac{-x-3}{2x-1} \therefore f^{-1}(-2) = \frac{2-3}{2(-2)-1} = \frac{1}{-5} = -\frac{1}{5}$

১০. $f(x) = 3x^3 + 3$ এবং $g(x) = \sqrt[3]{\frac{x-2}{3}}$ হলে, $(f \circ g)(3)$ এর মান- [11-12]

- A. 1 B. 2 C. 3 D. 4

Ans D Solve

$(f \circ g)(x) = f(g(x)) = f\left(\sqrt[3]{\frac{x-2}{3}}\right) = 3\left(\sqrt[3]{\frac{x-2}{3}}\right)^3 + 3$

$= 3 \cdot \frac{x-2}{3} + 3 = x - 2 + 3 = x + 1$

$f \circ g(3) = 3 + 1 = 4$

১১. $f(x) = \frac{5x+3}{4x-5}$ হলে, $f^{-1}(x) = ?$ [10-11]

- A. $\frac{5x+3}{4x-5}$ B. $\frac{4x-5}{5x-5} f^{-1}$ C. $\frac{5x-3}{4x-5}$ D. $\frac{5x-3}{4x+5}$

Ans A Solve এখানে, $f(x) = \frac{5x+3}{4x-5} = y$

$\Rightarrow 5x+3 = 4xy - 5y \Rightarrow 4xy - 5x = 5y+3$

$\Rightarrow x = \frac{5y+3}{4y-5} \therefore f^{-1}(x) = \frac{5x+3}{4x-5}$

১২. $f(x) = \frac{x-3}{2x+1}$ এবং $x \neq -\frac{1}{2}$ হলে, $f^{-1}(2)$ এর মান- [08-09]

- A. $\frac{3}{5}$ B. $-\frac{5}{3}$ C. $\frac{1}{2}$ D. $\frac{2}{5}$

Ans B Solve ধরি, $y = f(x) = \frac{x-3}{2x+1}$

$2xy + y = x - 3 \Rightarrow x(2y - 1) = -(3 + y)$

$x = -\frac{3+y}{2y-1} \therefore f^{-1}(y) = -\frac{3+y}{2y-1} \therefore f^{-1}(2) = -\frac{3+2}{2 \cdot 2 - 1} = -\frac{5}{3}$

১৩. $f(x) = x^2 + 4$ এবং $g(x) = 2x - 1$ হলে, $g \circ f(x) = ?$ [07-08, 05-06]

- A. $x^2 + 5$ B. $2x^2 + 7$
 C. $2x^2 - 3$ D. $x^2 - 5$

Ans B Solve $g \circ f(x) = g(x^2 + 4) = 2(x^2 + 4) - 1 = 2x^2 + 7$

১৪. যদি $f(x) = x^2 - 2|x|$ এবং $g(x) = x^2 + 1$ হয়, তবে $g \circ f(-2)$ এর মান- [06-07]

- A. 0 B. 65 C. 5 D. 1

Ans D Solve $f(-2) = (-2)^2 - 2|-2| = 4 - 4 = 0$

$\therefore g \circ f(-2) = g(f(-2)) = g(0) = 0^2 + 1 = 1$

১৫. $f(x) = \frac{3+x}{1-2x}$ হলে, $f^{-1}(x) = ?$ [06-07]

- A. $\frac{x-3}{2x+1}$ B. $\frac{3-x}{1-2x}$ C. $\frac{x+3}{2+x}$ D. $\frac{x+3}{2x+1}$

Ans A Solve $f^{-1}(x) = \frac{3-x}{-1-2x} = \frac{x-3}{2x+1}$

১৬. যদি $A = \{1, 2, 3\}$, $B = \{4, 5, 6\}$ এবং $R = \{(1, 4), (2, 5), (3, 4)\}$ হয়, তবে কোনটি সত্য উক্তি? [04-05]

- A. R একটি ফাংশন যার ডোমেন A B. R একটি ফাংশন যার রেঞ্জ B
 C. R একটি এক-এক ফাংশন D. R একটি সার্বিক ফাংশন **Ans. A**

১৭. যদি $f(x) = \frac{x}{1+x}$ হলে, $f(2/3) \div f(3/2)$ সমান- [04-05]

- A. 2/3 B. 3 C. 2 D. 3/2

Ans A Solve $f(x) = \frac{x}{1+x} \therefore f\left(\frac{2}{3}\right) = \frac{\frac{2}{3}}{1+\frac{2}{3}} = \frac{2}{5}$

এবং $f\left(\frac{3}{2}\right) = \frac{\frac{3}{2}}{1+\frac{3}{2}} = \frac{3}{5} \therefore f\left(\frac{2}{3}\right) \div f\left(\frac{3}{2}\right) = \frac{2}{3}$

[Or, By using Calculator.]

১৮. $f(x) = x^2 + 3$ এবং $g(x) = \sqrt{x}$ হলে, $f(g(x)) = ?$ [01-02]

- A. $2x + 3, x < 0$ B. $x^2 + 1$
 C. $3 + 9x$ D. $x + 3, x > 0$

Ans D Solve $f(g(x)) = f(\sqrt{x}) = (\sqrt{x})^2 + 3 = x + 3$

১৯. $f(x) = (1-x)^{-1}$ হলে, $f(f(x)) =$ কত? [99-00]

- A. $\frac{x}{x+1}$ B. $\frac{x+1}{x}$ C. $\frac{x}{x-1}$ D. $\frac{x-1}{x}$

Ans D Solve $f(f(x)) = \frac{1}{1-f(x)} = \frac{1}{1-\frac{1}{1-x}} = \frac{1}{\frac{1-x-1}{1-x}} = \frac{1}{\frac{-x}{1-x}} = \frac{x-1}{x}$

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি

[শর্ট টেকনিক ও ক্যালকুলেটরের সাহায্যে সমাধান]

০১. যদি $f(x) = |x|$ হয় তবে $f(x)$ এর রেঞ্জ কত? [15-16]

- A. $(0, \infty)$ B. $[0, \infty)$ C. $(-\infty, \infty)$ D. কোনটিই নয়

Ans B Solve $f(x) = |x|$

Domain, $R = (-\infty, \infty)$ [$\because |\pm a| = a$]

\therefore Range = $[0, \infty)$

02. যদি $f(x) = x^2 + 2x - 3$ এবং $g(x) = 3x - 4$ হয়, তবে $g(f(2))$ এর মান কত? [13-14]

- A. 5 B. 4 C. 11 D. 6

Ans C Solve

$$g(f(x)) = 3f(x) - 4$$

$$= 3(x^2 + 2x - 3) - 4 = 3x^2 + 6x - 9 - 4$$

$$g(f(2)) = 3 \cdot 2^2 + 6 \cdot 2 - 13 = 12 + 12 - 13 = 11$$

03. $f(x) = x^2 - 2|x|$ এবং $g(x) = x^2 - 9$ হলে, $g(f(-3))$ এর মান- [07-08]

- A. 0 B. 1 C. 1/2 D. -1

Ans A Solve

$$g(f(-3)) = g\{(-3)^2 - 2|-3|\} = g(9 - 6)$$

$$= g(3) = 3^2 - 9 = 0$$

04. $f(x) = \frac{2+3x}{3-2x}$ হলে, $f^{-1}(x)$ এর মান- [07-08]

- A. $\frac{2-3x}{2x-3}$ B. $\frac{3x+2}{3-2x}$ C. $\frac{3x-2}{2x+3}$ D. $\frac{3x-2}{2x-3}$

Ans C Solve

$$f(x) = \frac{ax+b}{cx+d} \text{ হলে, } f^{-1}(x) = \frac{-dx+b}{cx-a}$$

$$\therefore f(x) = \frac{2+3x}{3-2x} \text{ হলে, } f^{-1}(x) = \frac{-3x+2}{-2x-3} = \frac{3x-2}{2x+3}$$

05. $f(x) = 3x + 4$ হলে, $f^{-1}(x)$ সমান- [06-07]

- A. $\frac{1}{3}(x-4)$ B. $(x+4)$ C. $\frac{1}{3}(x-1)$ D. $\frac{1}{3}(4-x)$

Ans A Solve

$$\text{ধরি, } y = 3x + 4 \Rightarrow x = \frac{1}{3}(y-4)$$

$$\therefore f^{-1}(x) = \frac{1}{3}(x-4)$$

06. $f(x) = x^2 + 4$ এবং $g(x) = 2x - 1$ হলে, $g(f(x))$ হয়- [05-06, 10-11; DU 07-08, 05-06]

- A. $2x^2 + 7$ B. $x^2 + 7$
C. $2x^2 - 3$ D. $x^2 - 8$

Ans. A

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় জটিল পরীক্ষার বিশদ বছরের প্রশ্নাবলি
[শর্ট টেকনিক ও ক্যালকুলেটরের সাহায্যে সমাধান]

01. বাস্তব সংখ্যার উপসেট $S = \{x : 5x^2 - 16x + 3 < 0\}$ এর বৃহত্তম নিম্নসীমা ও ক্ষুদ্রতম উপরসীমা কত হবে? [15-16]

- A. 5 এবং $\frac{1}{7}$ B. 5 এবং $\frac{1}{3}$ C. 3 এবং $\frac{1}{5}$ D. 4 এবং $\frac{1}{8}$


Ans C Solve

$$5x^2 - 16x + 3 < 0$$

$$\Rightarrow 5x^2 - 15x - x + 3 < 0 \Rightarrow 5x(x-3) - (x-3) < 0$$

$$\Rightarrow (x-3)(5x-1) < 0 \Rightarrow (x-3)(x-\frac{1}{5}) < 0$$

$$x < 3 \text{ অথবা } x > \frac{1}{5}$$



বৃহত্তম নিম্নসীমা = 3

ক্ষুদ্রতম উপরসীমা = $\frac{1}{5}$

02. $f(x) = x(x-2)$ ফাংশনের জন্য $[1, 2]$ ব্যবধিতে একটি বিন্দু $x = c$ এর মান কত? [15-16]

- A. $\frac{3}{5}$ B. $\frac{5}{3}$ C. $\frac{3}{2}$ D. $\frac{2}{3}$

Ans C Solve $f(x) = x(x-2)$
 $f'(x) = 2x - 2 \therefore f'(c) = 2c - 2$
 $f(x)$ ফাংশনের জন্য $[a, b]$ ব্যবধিতে একটি বিন্দু c পাওয়া যাবে যদি,

$$f'(c) = \frac{f(b) - f(a)}{b - a} \quad [\text{Mean value Theorem}]$$

$$[1, 2] \text{ ব্যবধিতে, } f'(c) = \frac{f(2) - f(1)}{2 - 1}$$

$$\Rightarrow 2c - 2 = \frac{2(2-2) - 1(1-2)}{2-1} \Rightarrow 2c - 2 = \frac{0+1}{1} = 1$$

$$\Rightarrow 2c = 1 + 2 \Rightarrow c = \frac{3}{2}$$

03. $A = \{-2, 0, 1, 2, 3\}$, $B = \{0, 1, 2, 4, 6, 9\}$ সেট দুটির $f: A \rightarrow B$ এবং $f(x) = x^2$ হলে ফাংশনটির রেঞ্জ কত? [15-16]

- A. $\{1, 2, 6, 9\}$ B. $\{0, 3, 4, 6\}$
C. $\{0, 1, 4, 9\}$ D. $\{-1, \dots, 9\}$

Ans C Solve

$$f(x) = x^2$$

$$f(-2) = (-2)^2 = 4$$

$$f(0) = 0^2 = 0$$

$$f(1) = 1^2 = 1$$

$$f(2) = 2^2 = 4$$

$$f(3) = 3^2 = 9$$

ফাংশনটির রেঞ্জ = $\{0, 1, 4, 9\}$

04. $f(x) = 5x - 3$, $(x \in \mathbb{R})$ হলে $f^{-1}(3)$ এর মান কত? [15-16]

- A. $-\frac{6}{5}$ B. $\frac{6}{5}$ C. 12 D. -12

Ans B Solve

$$f(x) = 5x - 3 = y \Rightarrow x = f^{-1}(y)$$

$$\Rightarrow y = 5x - 3 \Rightarrow x = \frac{y+3}{5}$$

$$\Rightarrow f^{-1}(y) = \frac{y+3}{5} \Rightarrow f^{-1}(x) = \frac{x+3}{5} \Rightarrow f^{-1}(3) = \frac{3+3}{5} = \frac{6}{5}$$

Shortcut: $x = f^{-1}(5x-3)$

$$x = \frac{6}{5} \Rightarrow \frac{6}{5} = f^{-1}\left(5 \times \frac{6}{5} - 3\right) \Rightarrow f^{-1}(3) = \frac{6}{5}$$

05. $f(x) = 3x^3 + 3$ এবং $g(x) = \sqrt[3]{\frac{x-2}{3}}$ হলে $(f \circ g)(3)$ এর মান কত? [15-16, IU 15-16]

- A. 1 B. 2 C. 3 D. 4

Ans D Solve

$$g(x) = \sqrt[3]{\frac{x-2}{3}}, \therefore g(3) = \sqrt[3]{\frac{3-2}{3}} = \sqrt[3]{\frac{1}{3}}$$

$$\therefore (f \circ g)(3) = f(g(3)) = 3\left(\sqrt[3]{\frac{1}{3}}\right)^3 + 3 = 3 \cdot \frac{1}{3} + 3 = 1 + 3 = 4$$

06. $f(x) = \frac{x-2}{x-3}$, হলে $f^{-1}(0)$ এর মান কত? [15-16]

- A. -2 B. -1 C. 2 D. 4

Ans C Solve

$$f(x) = \frac{x-2}{x-3} \Rightarrow x = f^{-1}\left(\frac{x-2}{x-3}\right)$$

$$x = 2 \text{ হলে,}$$

$$2 = f^{-1}(0)$$

$$\therefore f^{-1}(0) = 2$$

07. $f(x) = 2x - 5$ এবং $g(x) = x^2 + 6$ হলে $(g \circ f)(2)$ এর মান কত? [15-16]

- A. 3 B. 5 C. 7 D. 9

Ans C Solve

$$g(x) = x^2 + 6$$

$$f(x) = 2x - 5$$

$$f(2) = 4 - 5 = -1$$

$$\therefore (g \circ f)(2) = g(-1) = (-1)^2 + 6 = 7$$

08. $f(x) = \sqrt{x-1}$ হলে, $f^{-1}(2)$ এর মান কত? [15-16]
 A. -1 B. 1 C. 3 D. 5

Ans D Solve $f(x) = \sqrt{x-1}$
 $x = f^{-1}(\sqrt{x-1})$
 $x = 5$ হলে,
 $5 = f^{-1}(\sqrt{5-1})$
 $\Rightarrow f^{-1}(\sqrt{4}) = 5 \Rightarrow f^{-1}(2) = 5$

09. $f(x) = \ln \sqrt{x}$ এবং $g(x) = x^2$ হলে $(f \circ g)(1)$ এর মান কত? [15-16]
 A. 0 B. 1 C. $\ln x$ D. ± 1

Ans A Solve $f(x) = \ln \sqrt{x}$, $g(x) = x^2$
 $g(1) = 1^2 = 1$
 $(f \circ g)(1) = f(g(1)) = f(1) = \ln \sqrt{1} = 0$

10. $f(x) = x$, হলে $f^{-1}(2)$ এর মান কত? [15-16]
 A. 4 B. 3 C. 2 D. 0

Ans C Solve $f(x) = x \Rightarrow x = f^{-1}(x)$
 $x = 2$, ধরে পাই
 $2 = f^{-1}(2) \Rightarrow f^{-1}(2) = 2$

11. $f(x) = \sin x$ এবং $g(x) = x^2$ হলে $(f \circ g)\left(\frac{\sqrt{\pi}}{2}\right)$ এর মান কত? [15-16]
 A. $\frac{\sqrt{2}}{2}$ B. $\frac{\sqrt{3}}{2}$ C. $\frac{1}{2}$ D. 1

Ans A Solve $f(x) = \sin x$, $g(x) = x^2$
 $(f \circ g)\left(\frac{\sqrt{\pi}}{2}\right)$

$g\left(\frac{\sqrt{\pi}}{2}\right) = \left(\frac{\sqrt{\pi}}{2}\right)^2 = \frac{\pi}{4}$

$\therefore f\left(g\left(\frac{\sqrt{\pi}}{2}\right)\right) = \sin \frac{\pi}{4} = \frac{1}{\sqrt{2}} = \frac{\sqrt{2}}{2}$

12. $f(x) = x^2 - 7$ হলে, $f^{-1}(2)$ এর মান কত? [15-16]
 A. 3 B. -3, 3 C. -2, 2 D. 2

Ans A Solve $f(x) = x^2 - 7$
 $\Rightarrow x = f^{-1}(x^2 - 7)$
 $x = 3, 3 = f^{-1}(9 - 7) \Rightarrow f^{-1}(2) = 3$

13. $f(x) = x^2 - 2|x|$ এবং $g(x) = x^2 + 1$ হলে $(f \circ g)(-2)$ এর মান কত? [15-16]
 A. 10 B. 12 C. 14 D. 15

Ans D Solve $f(x) = x^2 - 2|x|$, $g(x) = x^2 + 1$
 $g(-2) = (-2)^2 + 1 = 5$
 $\therefore (f \circ g)(-2) = f(5) = 5^2 - 2|5| = 25 - 10 = 15$

14. $f(x) = x^2 - 1$ হলে $f^{-1}(-3)$ এর মান কত? [15-16]
 A. -1, 1 B. -2, 2 C. -3, 3 D. কোনটিই নয়

Ans D Solve $f(x) = x^2 - 1 = y \Rightarrow x = f^{-1}(y)$
 $\Rightarrow x^2 = 1 + y \Rightarrow x = \sqrt{1 + y}$
 $\Rightarrow f^{-1}(y) = \sqrt{1 + y} \Rightarrow f^{-1}(x) = \sqrt{1 + x}$
 $\Rightarrow f^{-1}(-3) = \sqrt{1 - 3} = \sqrt{-2} = i\sqrt{2}$

15. $f(x) = x^2 + 3x + 1$ এবং $g(x) = 2x - 3$ হলে $(f \circ g)(x)$ কোনটি? [15-16]
 A. $4x^2 + 2x + 1$ B. $3x^2 - 6x + 1$ C. $4x^2 - 6x + 1$ D. $3x^2 + 6x + 1$

Ans C Solve $f(x) = x^2 + 3x + 1$
 $g(x) = 2x - 3$

$(f \circ g)(x) = f(g(x)) = f(2x - 3)$
 $= (2x - 3)^2 + 3(2x - 3) + 1$
 $= 4x^2 - 12x + 9 + 6x - 9 + 1 = 4x^2 - 6x + 1$

16. $y = \sqrt{4 - x^2}$ এই ফাংশনটির ডোমেন কত? [14-15]
 A. $-2 < x < 2$ B. $-2 \leq x \leq 2$ C. $x > 2$ D. $x < 2$

Ans B Solve $y = \sqrt{4 - x^2}$
 সংজ্ঞায়িত হবে যখন, $4 - x^2 \geq 0$
 $\Rightarrow x^2 - 4 \leq 0 \Rightarrow x^2 \leq 4 \Rightarrow |x| \leq 2 \Rightarrow -2 \leq x \leq 2$

17. $f(x) = x^3 + 5$ হলে $f^{-1}(32)$ = কত? [14-15]
 A. 5 B. 3 C. 2 D. -3

Ans B Solve $f(x) = x^3 + 5 = y$
 $\Rightarrow x = f^{-1}(y) \Rightarrow x^3 = y - 5 \Rightarrow x = \sqrt[3]{y - 5} \Rightarrow f^{-1}(y) = \sqrt[3]{y - 5}$
 $\Rightarrow f^{-1}(32) = \sqrt[3]{32 - 5} = \sqrt[3]{27} = 3$

18. $f: \mathbb{R} \rightarrow \mathbb{R}$ কে $f(x) = x^2 + 1$ দ্বারা সংজ্ঞায়িত করা হলে $f^{-1}(5)$ = কত? [14-15]
 A. ± 1 B. ± 2 C. 0 D. 2

Ans B Solve $x^2 + 1 = 5 \Rightarrow x = \pm 2 \therefore f^{-1}(5) = \pm 2$

19. $f(x) = x^2 + 3|x|$ এবং $g(x) = 1 - x^2$ হলে, $f(g(-2))$ = কত? [14-15]
 A. 4 B. 18 C. -4 D. 14

Ans B Solve $f(x) = x^2 + 3|x|$, $g(x) = 1 - x^2$
 $\Rightarrow g(-2) = 1 - (-2)^2 = 1 - 4 = -3$
 $\Rightarrow f(g(-2)) = f(-3) = (-3)^2 + 3|-3| = 9 + 9 = 18$

20. If $X = \{(x, y); x = |y|\}$ than X is a- [A₂ 13-14]
 A. function B. one-one function C. relation D. identity function **Ans. A**

21. $f: \mathbb{R} \rightarrow \mathbb{R}$ কে $f(x) = 4x + 3$ দ্বারা সংজ্ঞায়িত করা হলে, $f(f(x))$ -এর মান কত? [A 12-13]
 A. $15x + 16$ B. $16x + 15$ C. $4x + 3$ D. $12x + 4$

Ans B Solve $f(f(x)) = 4(4x + 3) + 3 = 16x + 12 + 3 = 16x + 15$

22. $f(x) = \ln x$ ফাংশনটির ডোমেন- [A 12-13]
 A. (0, 1) B. (0, ∞) C. ($-\infty$, ∞) D. ($-\infty$, 0) **Ans. B**

23. যদি $\varphi(\theta) = 2\cos\theta$ হয়, তবে $\varphi\left(\frac{\pi}{3}\right) = ?$ [11-12]
 A. 6 B. 1 C. 2 D. 3

Ans B Solve $\varphi(\theta) = 2\cos\theta$
 $\varphi\left(\frac{\pi}{3}\right) = 2\cos\frac{\pi}{3} = 1$

24. যদি $f(x) = x^2 - 5x + 4$ হয়, তবে $f(2) = ?$ [11-12]
 A. -2 B. 3 C. 2 D. 5

Ans A Solve $f(x) = x^2 - 5x + 4$
 $f(2) = 2^2 - 5 \times 2 + 4 = 4 - 10 + 4 = -2$

25. $f(x) = 2x$ এবং $g(x) = x^2 + 2$ হলে, $g \circ f(3) = ?$ [11-12]
 A. 8 B. 36 C. 22 D. 38

Ans D Solve $g \circ f(x) = g(f(x)) = g(2x) = 4x^2 + 2$
 $g \circ f(3) = 4 \times 3^2 + 2 = 36 + 2 = 38$

26. $f(x) = -2^x$ ফাংশনটির রেঞ্জ- [11-12]
 A. ($-\infty$, 0) B. (0, ∞) C. ($-\infty$, ∞) D. (-2, ∞)

Ans A Solve এর রেঞ্জ ($-\infty$, 0)

27. যদি ফাংশন f এর অধীনে A সেটের প্রত্যেকটি উপাদানের প্রতিচ্ছবি B সেটের কেবল একটি উপাদান হয়, তবে $f: A \rightarrow B$ কে কি বলে? [10-11]
 A. এক-এক ফাংশন B. সর্বাগ্রহী ফাংশন C. অভেদ ফাংশন D. ধ্রুব ফাংশন **Ans. D**

28. যদি $f(x) = \frac{3x^2 + 4}{x - 5}$ হয়, তবে $f\left(\frac{1}{3}\right) = ?$ [10-11]
 A. $-\frac{13}{12}$ B. $\frac{14}{13}$ C. $-\frac{13}{14}$ D. $\frac{12}{14}$

Ans C Solve $f\left(\frac{1}{3}\right) = \frac{3\left(\frac{1}{3}\right)^2 + 4}{\frac{1}{3} - 5} = -\frac{13}{14}$

বাজেশাহী বিশ্ববিদ্যালয় চর্চা পত্রিকা বিপণন বহরের প্রকাশক
 [শ্রী প্রমিত ও কামরুল্লাহের সাহায্যে সম্বন্ধে]

31. $f(x) = x + \frac{1}{x}$ হলে, $f(x) - f\left(\frac{1}{x}\right) = ?$ [15-16]
 A. 1 B. 0 C. x^2 D. $\frac{1}{x}$

Ans B Solve $f(x) = x + \frac{1}{x}$
 $f\left(\frac{1}{x}\right) = \frac{1}{x} + x$
 $f(x) - f\left(\frac{1}{x}\right) = 0$

32. যদি $f(x) = \frac{x+6}{2x+8}$ এবং $f(x) = f^{-1}(x)$ হয়, তবে $a = ?$ [15-16]
 A. 1 B. -1 C. 2 D. -2

Ans A Solve $f(x) = \frac{x+6}{2x+8}$
 $f^{-1}(x) = \frac{-6x+5}{2x-1}$
 $f(x) = f^{-1}(x)$ হলে, $a = 1$

33. $f(x) = \frac{3+x}{1-2x}$ হলে $f^{-1}(x) = ?$ [15-16]
 A. $\frac{3-x}{2x+1}$ B. $\frac{3-x}{1+2x}$ C. $\frac{x+3}{2-x}$ D. $\frac{x+3}{2x+1}$

Ans A Solve $f(x) = \frac{3+x}{1-2x} = \frac{x+3}{-2x+1}$
 $f^{-1}(x) = \frac{-x+3}{-2x-1} = \frac{x-3}{2x+1}$

34. $f(x) = \sqrt{4-x^2}$ ফাংশনের ডোমেন কত? [15-16; SUST 11-12]
 A. $0 \leq x \leq 2$ B. $-2 \leq x \leq 2$
 C. $2 < x < 6$ D. $-2 < x < 2$

Ans B Solve ফাংশনটি সঙ্গতিপূর্ণ হবে যখন $4-x^2 \geq 0$
 $\Rightarrow x^2-4 \leq 0 \Rightarrow x^2 \leq 4 \Rightarrow x \leq 2 \Rightarrow -2 \leq x \leq 2$

35. কোন সেক্ষত্রিক মূলবিন্দু নিম্নে দাখ না? [15-16]
 A. $y = \sin x$ B. $y = \sin(x+45^\circ)$
 C. $y = \tan x$ D. সব কয়টির

Ans B Solve $y = \sin(x+45^\circ)$ সেক্ষত্রিক মূলবিন্দু নিম্নে দাখ না।

36. নিম্নের কোনটি সঠিক নয়? [15-16]
 A. $\sin \theta$ ও $\cos \theta$ এর রেঞ্জ $[-1, 1]$
 B. $\sec \theta$ ও $\csc \theta$ এর রেঞ্জ $\mathbb{R} - (-1, 1)$
 C. $\tan \theta$ ও $\cot \theta$ এর ডোমেন $\mathbb{R} - \{(2n+1)\pi/2, n \in \mathbb{Z}\}$
 D. $\csc \theta$ এর ডোমেন $\mathbb{R} - \{n\pi, n \in \mathbb{Z}\}$

Ans C Solve Option C সঠিক নয়

37. $f(x) = \frac{1}{|x|}$ এর রেঞ্জ- [14-15; SUST 14-15; KU 04-05; CU 04-05]
 A. $(0, 1]$ B. $(1, \infty)$ C. $[-1, 1]$ D. $(1, \infty)$

Ans C Solve $f(x) = \frac{x}{|x|}$ $x > 0$ হলে, $f(x) = \frac{x}{x} = 1$
 $x < 0$ হলে, $f(x) = \frac{-x}{x} = -1$ \therefore রেঞ্জ $\{-1, 1\}$

38. $f(x) = \sqrt{4-x^2}$ ফাংশনের ডোমেন ও রেঞ্জ যথাক্রমে- [14-15]
 A. $[-4, 4]$ ও $[0, 2]$ B. $[-2, 2]$ ও $[0, 4]$
 C. $[-2, 2]$ ও $[0, 1]$ D. $[-2, 2]$ ও $[0, 2]$

Ans D Solve $f(x) = \sqrt{4-x^2}$ সঙ্গতিপূর্ণ হবে যখন,
 $4-x^2 \geq 0 \Rightarrow x^2-4 \leq 0 \Rightarrow x^2 \leq 4 \Rightarrow |x| \leq 2$
 $\Rightarrow -2 \leq x \leq 2$ ডোমেন $[-2, 2]$
 $x = \pm 2$ হলে, $f(x) = 0$
 $x = 0$ " $f(x) = 2$
 \therefore রেঞ্জ, $[0, 2]$

39. $f: \mathbb{R} \rightarrow \mathbb{R}$ ফাংশনটি $f(x) = x^2$ দ্বারা সংজ্ঞায়িত। $f^{-1}(25)$ এর মান কোনটি? [14-15]
 A. $[-5, 5]$ B. $(-5, 5)$ C. $\{-5, 5\}$ D. \emptyset

Ans C Solve $f^{-1}(25)$ এর জন্য পাই,
 $x^2 = 25 \Rightarrow x = \pm 5 \therefore f^{-1}(25) = \{-5, 5\}$

40. যদি $f(x) = x^2 - 1$ এবং $g(x) = x + 3$ হয়, তবে $f(g(x))$ কত? [11-12]
 A. $x^2 + 3x^2 - x - 3$ B. $x^2 + 6x + 8$
 C. $x^2 + x + 2$ D. $x^2 + 8$

Ans B Solve $f(g(x)) = f(x+3) = (x+3)^2 - 1$
 $= x^2 + 6x + 9 - 1 = x^2 + 6x + 8$

41. $f: \mathbb{R} \rightarrow \mathbb{R}$ এবং $g: \mathbb{R} \rightarrow \mathbb{R}$ কে যথাক্রমে $f(x) = 2x - 5$ এবং $g(x) = x^2 + 6$ দ্বারা সংজ্ঞায়িত করা হলে, $f(g(t-1))$ এর মান কত? [10-11]
 A. $2t^2 - 2t + 9$ B. $4t^2 - 2t + 9$ C. $9t^2 - 2t + 4$ D. $2t^2 - 4t + 9$

Ans D Solve $f(x) = 2x - 5$ এবং $g(x) = x^2 + 6$
 $f(g(t-1)) = f((t-1)^2 + 6) = f(t^2 - 2t + 1 + 6) = f(t^2 - 2t + 7)$
 $= 2t^2 - 4t + 14 - 5 = 2t^2 - 4t + 9$

42. $f: \mathbb{R}$ কে $f(x) = x^2 - x - 1$ দ্বারা সংজ্ঞায়িত করা হলে, $f^{-1}(5)$ এর মান কোনটি হবে? [10-11]
 A. $\{2, -3\}$ B. $\{2, 3\}$ C. $\{-2, 3\}$ D. $\{-2, -3\}$

Ans C Solve $x = f^{-1}(5)$
 $f(x) = 5 \Rightarrow x^2 - x - 1 - 5 = 0 \Rightarrow x^2 - 3x + 2x - 6 = 0$
 $\therefore x = 3, -2 \therefore f^{-1}(5) = \{-2, 3\}$ **Ans. C**

43. $f: \mathbb{R} \rightarrow \mathbb{R}$ কে $f(x) = \begin{cases} x^2 - 3x & \text{যখন } x \geq 2 \\ x + 2 & \text{যখন } x < 2 \end{cases}$ দ্বারা সংজ্ঞায়িত করা হলে $f(0)$ এর মান কত? [10-11]
 A. 0 B. 5 C. 2 D. 3 **Ans. C**

44. $f: \mathbb{R} \rightarrow \mathbb{R}$, $f(x) = x^2 + 5$, $x \in \mathbb{R}$ হলে, ফাংশনটি হবে- [09-10]
 A. দৃঢ় B. এক-এক
 C. এক-এক এবং উপর D. এক-বহু **Ans. A**

45. $f(x) = 2x^{1/3} + 3x^{-2/3}$ হলে, $f(64)$ এর মান কত? [09-10]
 A. $\frac{131}{16}$ B. $\frac{141}{16}$ C. $\frac{151}{16}$ D. $\frac{161}{16}$

Ans A Solve $f(x) = 2x^{1/3} + 3x^{-2/3}$
 $\therefore f(64) = f(4^3) = 2(4^3)^{1/3} + 3(4^3)^{-2/3} = 8 + 3 \times \frac{1}{16} = \frac{131}{16}$

46. $f(x) = 2x - 3$ হলে, এর বিপরীত ফাংশন কত? [09-10]
 A. $\frac{1}{2}(x+3)$ B. $\frac{1}{2}(x-3)$ C. $3-2x$ D. $3x+2$

Ans A Solve $y = 2x - 3 \Rightarrow y + 3 = 2x \Rightarrow x = \frac{y+3}{2}$
 $\therefore f^{-1} = \frac{x+3}{2}$

17. $f(\theta) = \cos \theta - \sin \theta$ হলে, এর কোন মানের জন্য $f(\theta) = 0$ [08-09]

- A. $\frac{\pi}{2}$ B. $\frac{\pi}{4}$ C. π D. $\frac{\pi}{6}$

Ans B Solve $f(\theta) = \cos \theta - \sin \theta$
 $\Rightarrow 0 = \cos \theta - \sin \theta \Rightarrow \sin \theta = \cos \theta$
 $\Rightarrow \frac{\sin \theta}{\cos \theta} = \frac{\cos \theta}{\cos \theta} \Rightarrow \tan \theta = 1 \therefore \theta = \frac{\pi}{4}$

18. $f(x) = \sqrt{x+4}$ ফাংশনটির Domain কত? [08-09]

- A. R B. $x > 4$ C. $x < 4$ D. $x \geq -4$

Ans D Solve $x+4 \geq 0 \Rightarrow x \geq -4$

19. $f(x) = \frac{x-4}{x-2}$ হলে, $f(2)$ এর মান কত? [08-09]

- A. 0 B. 1 C. 4 D. কোনটিই নয়

Ans D Solve $f(2) = \frac{2-4}{2-2} = \frac{-2}{0} = \infty$

20. $f(x) = x^2$ হলে, $f(x^2)$ এর মান কত যখন $x=2$? [08-09]

- A. 4 B. 8 C. 16 D. 32

Ans C Solve $f(x) = x^2 \therefore f(x^2) = x^4$
 $x=2$ হলে, $f(x^2) = 16$

21. যদি $A = \{1,2,3,4\}$, $B = \{x,y,z\}$ এবং R হচ্ছে A সেট থেকে B সেটে একটি অময়, $R = \{(1,y), (1,z), (3,y), (4,x), (4,z)\}$ এইক্ষেত্রে R এর ডোমেন কত? [07-08]

- A. $\{1,3,4\}$ B. $\{x,y,z\}$
 C. $\{1,2,3,4\}$ D. কোনটিই নয়

Ans. A

22. $f(x) = \frac{1-x}{1+x}$ হলে, $f(\cos \theta)$ এর মান কত? [07-08]

- A. $\tan \frac{\theta}{2}$ B. $\tan^2 2\theta$ C. $\tan^2 \frac{\theta}{2}$ D. $\tan^2 \theta$

Ans C Solve $f(\cos \theta) = \frac{1-\cos \theta}{1+\cos \theta} = \frac{2\sin^2 \frac{\theta}{2}}{2\cos^2 \frac{\theta}{2}} = \tan^2 \frac{\theta}{2}$

23. A, B, C -এর প্রত্যেকটি বাস্তব সংখ্যার সেট। $f: A \rightarrow B$ এবং $g: B \rightarrow C$ ফাংশনদ্বয়কে যথাক্রমে $f(x) = 2x + 1$ এবং $g(x) = x^2 - 2$ দ্বারা সংজ্ঞায়িত করা হল। সংযোজিত ফাংশন $g \circ f$ নির্ণয় কর। [02-03]

Ans. $4x^2 + 4x - 1$

24. $f: R \rightarrow R$ কে $f(x) = x^2$ দ্বারা সূত্রায়িত করা হয়। $f^{-1}(36)$ ও $f^{-1}(16)$ এর মান নির্ণয় কর। প্রমাণ কর ফাংশনটি এক-এক এবং সার্বিক নয়। [02-03]

Ans. $\pm 6, \pm 4$

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি
 [শর্ট টেকনিক ও ক্যালকুলেটরের সাহায্যে সমাধান]

1. $f(x) = \frac{\sqrt{x^5-32}}{x}$ ফাংশনটির ডোমেন ও রেঞ্জ যথাক্রমে -----। [15-16]

- A. $[0, \infty), (0, 1]$ B. $[2, \infty), (0, \infty)$ C. $[0, \infty), (0, \infty)$
 D. $[2, \infty), [0, \infty)$ E. কোনটিই নয়

Ans D Solve $f(x) = \frac{\sqrt{x^5-32}}{x}$ সংজ্ঞায়িত হবে যখন $x \neq 0$
 এবং $x^5 - 32 \geq 0$

$\Rightarrow x^5 \geq 32 \Rightarrow x \geq 2 \therefore$ ডোমেইন $[2, \infty)$

$x=2$ হলে, $f(x) = 0$

$x > 2$ হলে, $f(x) > 0$

\therefore রেঞ্জ $[0, \infty) \therefore [2, \infty), [0, \infty)$

22. যদি $\phi(x) = \log\left(\frac{1+2x}{1-2x}\right)$ হয়, তাহলে $\phi\left(\frac{1}{x}\right)$ কত? [15-16]

- A. $\log\left(\frac{1-2x}{1+2x}\right)$ B. $\log\left(\frac{2+2x}{2-2x}\right)$ C. $\log\left(\frac{x+3}{x-1}\right)$
 D. $\log\left(\frac{1+2x}{1-2x}\right)$ E. কোনটিই নয়

Ans E Solve $\phi\left(\frac{1}{x}\right) = \log\left(\frac{1+\frac{2}{x}}{1-\frac{2}{x}}\right) = \log\frac{x+2}{x-2}$, কোনটিই নয়

23. $f(x) = x^2 + 1$ এবং $g(x) = (x+1)^2$ হলে $f(g(x)) =$ [15-16]

- A. $(x+1)^4$ B. $(x+2)^4$ C. $(x+1)^2 + 1$ D. $(x+1)^4 + 1$

Ans D Solve $g(x) = (x+1)^2$
 $f(g(x)) = f((x+1)^2) = ((x+1)^2)^2 + 1 = (x+1)^4 + 1$

24. $f(x) = x$ এবং $g(x) = \frac{1}{x}$ হলে $[f(x) + g(x)]$ এর ডোমেন হবে: [15-16]

- A. $(-\infty, +\infty)$ B. $(0, +\infty)$
 C. $(-\infty, 0)$ D. $(-\infty, 0) \cup (0, \infty)$

Ans D Solve $f(x) = x, g(x) = \frac{1}{x}$
 $[f(x) + g(x)] = \left[x + \frac{1}{x}\right] x \neq 0$ হলে, সকল বাস্তব মানের জন্য ফাংশন সংজ্ঞায়িত হবে।
 \therefore Domain $(-\infty, 0) \cup (0, \infty)$

25. $f(x) = x^2 + 1$ এবং $g(x) = \sqrt{x+1}$ হলে $(f \circ g)(x)$ হবে- [15-16]

- A. $\sqrt{x^2+1}$ B. $\sqrt{x^2+2}$ C. $x+3$
 D. $x+2$ E. $x-3$

Ans D Solve $(f \circ g)(x) = f(g(x)) = f(\sqrt{x+1}) = (\sqrt{x+1})^2 + 1 = x+2$

26. যদি $f(x) = \frac{1-\frac{1}{x}}{1+\frac{1}{x}}$ হয় তবে $f(1+x)$ এর মান হবে? [15-16]

- A. $\frac{x(x+1)}{x+2}$ B. $\frac{x+2}{x(x+1)}$ C. $\frac{x+1}{x(x+2)}$
 D. $\frac{x}{(x+1)(x+2)}$ E. $\frac{x}{x+2}$

Ans E Solve $f(x) = \frac{1-\frac{1}{x}}{1+\frac{1}{x}}$
 $\Rightarrow f(1+x) = \frac{1-\frac{1}{1+x}}{1+\frac{1}{1+x}} = \frac{1+x-1}{1+x+1} = \frac{x}{x+2}$


27. x ঋনাত্মক হলে $f(x) = \frac{|x|}{x}$ রেখাটি কোন চতুর্ভাগে অবস্থিত? [15-16]

- A. ১ম চতুর্ভাগে B. ২য় চতুর্ভাগে C. ৩য় চতুর্ভাগে
 D. ৪র্থ চতুর্ভাগে E. কোন চতুর্ভাগে নয়

Ans E Solve

$f(x) = \frac{|x|}{x} = \frac{|x|}{x} = \frac{|x|}{x} = -1$

x ঋনাত্মক হলে \therefore কোন চতুর্ভাগে নয়



88. $f(x) = x + 3$ এবং $g(x) = 3x^2$ হলে $(f \circ g)(2) =$ কত? [15-16]
 A. 5 B. 75 C. 12
 D. 9 E. 15

Ans E Solve $g(x) = 3x^2, = g[2] = 3 \cdot 2^2 = 12$
 $f \circ g(2) = f\{g(2)\} = f(12) = 12 + 3 = 15$

89. যদি $f: \mathbb{R} \rightarrow \mathbb{R}$ তাহলে $f(x) = 3x^2$ কোন প্রকারের ফাংশন? [15-16]
